a) Between **b)** With **c)** Of **d)** none Ans:c

Superlative এবং comparative এর ক্ষেত্রে plural noun এর পূর্বে preposition 'Of' ব্যবহৃত হয়।

21. **The professor – Australia amazed the students with her stories.** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের PO-১৯]
a) from **b)** of **c)** in **d)** at Ans:a

22. **The monument — our left is a popular tourist attraction.** [প্রিমিয়ার ব্যাংক-০৩]
(আমাদের বাম দিকের স্মৃতিসৌধটি একটি জনপ্রিয় পর্যটক আকর্ষণ কেন্দ্র)
a) to **b)** in **c)** that is **d)** of Ans:a

23. **We often go for fishing — the river.** (আমরা প্রায়ই নদীতে মাছ ধরতে যায়) [DU (C) 16-17]
a) on **b)** in **c)** inside **d)** around **e)** of Ans:b

24. **There were two people — the picture.** (ছবিতে দুজন লোক ছিল) [সাউথ ইস্ট ব্যাংক (অফিসার)-০৯]
a) on **b)** at **c)** about **d)** in Ans:d

25. **My mom was working — the garden.** (মা বাগানে কাজ করছিল) [সাউথ ইস্ট ব্যাংক (অফিসার)-০৯]
a) in **b)** on **c)** to **d)** by Ans:a

26. **We don't learn — mistakes.** (আমি ভুল থেকে শিক্ষা গ্রহণ করি না). [KU (G) 09-10]
a) for **b)** to **c)** from **d)** by Ans:c

27. **The legislation is still — draft form** (আইনটি এখন পর্যন্ত খসড়ারূপে রয়েছে). [RU (E-even) 12-13]
a) of **b)** for **c)** in **d)** with Ans:c

28. **Put some sugar — the tea.** (চায়ে একটু চিনি দাও) [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে হিসাব সহকারী-১৩]
a) into **b)** upon **c)** in **d)** by Ans:c

Diagram on use of some prepositions	**Explanation**
	To = কোনো দিকে গতিশীল অবস্থা From = কোন স্থান হতে/থেকে গতিশীল অবস্থা (To এর বিপরীত) Through = ভিতর দিয়ে অতিক্রম করা Into = বাইরে থেকে ভিতরের দিকে গতিশীল অবস্থা Out of = ভিতর থেকে বাইরের দিকে গতিশীল অবস্থা In = ভিতরে স্থিতাবস্থা ; Outside = বাইরে স্থিতাবস্থা On = তল স্পর্শ করে উপরে অবস্থান Over = তল স্পর্শ না করে উপরে গতিশীল অবস্থা Above = তল স্পর্শ না করে উপরে স্থির অবস্থা Under = তল স্পর্শ না করে অবিচ্ছিন্নভাবে নিচে অবস্থান Below = তল স্পর্শ না করে বিচ্ছিন্নভাবে নিচে অবস্থান

29. **The police station is a mile — the river.** (থানাটি নদী থেকে এক মাইল দূরে) [BRUR (E) 13-14]
a) from b) beyond c) behind d) at Ans:a

30. **He spent all the day – his room.** (সে তার রুমে সারাটা দিন কাটালো) [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক-১৩]
a) under b) in c) amidst d) during Ans:b

31. **I saw the bird sitting — the branch of a tree.** [NU (ব্যবসায় শিক্ষা) 13-14]
a) in b) into c) over d) on Ans:d

32. **A fair little girl sat — a tree.** (একটি ছোট সুন্দর বালিকা গাছের নিচে বসে পড়ল) [RU 05-06]
a) on b) over c) by d) under Ans:d

33. **We walked – the end of the road.** [DU (A) 03-04, RU (অর্থনীতি) 07-08, JnU (C) 14-15]
They caught a train — London. [সাউথ ইস্ট ব্যাংক (অফিসার)-০৯]
a) in b) by c) to d) at Ans:c

34. **Sign your name — the dotted line.** [KU (B) 06-07]
a) with b) in c) above d) along Ans:c

35. **The old road goes — the village.** (পুরাতন রাস্তাটি গ্রামের মধ্য দিয়ে চলে গেছে) [DU (A) 06-07]
The river goes — the village. (নদীটি গ্রামের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে) [RU 02-03]
a) by b) through c) across d) at Ans:b

36. **I opened the door and went – the room.** (সে দরজা খুললো এবং ঘরের মধ্যে ঢুকলো) [BRUR (F) 12-13]
a) to b) into c) in d) within Ans:b

37. **She held the umbrella — her head.** (সে তার মাথার উপরে ছাতা ধরলো) [ন্যাশনাল ব্যাংক (PO)-১৩]
a) on b) above c) over d) at Ans:c

Difference (ডিফরেন্স) between At & In

At	In
(i) ছোট স্থানের পূর্বে at বসে।	(i) বড় স্থানের পূর্বে in বসে।
at home/**at** school/ **at** the bus stop/ **at** a hotel/ **at** Chalkgowri (small village)/ **at** Meherpur (town)/at Mirpur	**in** Rajshahi (city) /**in** Dhaka/**in** New York/ **in** Naogaon (district)/ **in** Asia (continent)/ **in** Europe/**in** a country/**in** a forest/ **in** a desert
(ii) নির্দিষ্ট সময়ের ক্ষেত্রে at ব্যবহৃত হয় ।	(ii) অনির্দিষ্ট ব্যাপক সময়ের ক্ষেত্রে in বসে।
You can meet me **at** 7 O' clock/**at** 6 p.m./ **at** 4 a.m. /**at** six/**at** breakfast/**(time)** / **at** dawn/**at** noon/**at** the time/ **at** the moment /**at** the weekend/**at** Christmas	You can meet me **in** the morning/ **in** the afternoon/**in** the evening/**in** the next few days/ **in** the summer holidays/**in** Spring/**in** April /**in** 1971 (মাসের নাম এবং সালের পূর্বে in বসে)

N.B. single day বা একক দিন, তারিখের পূর্বে on বসে। We use on Monday, on that day, on Friday morning/afternoon, on the evening of the 7th March, on 26th March, on 15 August

38. **He came to Bangladesh – November, 1993.** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা কোটা)-১৮]
a) in b) on c) at d) since Ans:a

39. **These illegal goods were not sold openly but were available – the counter.**
(এসব অবৈধ পণ্য প্রকাশ্যে বিক্রি হয়নি কিন্তু কাউন্টারে পাওয়া সহজলভ্য ছিল) [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা,২য় শ্রেণি)-১৫]
a) at b) by c) from d) under Ans:a

40. **Please leave your key – reception.** [BU (গ) 12-13, DU (D) 13-14]
a) in b) on c) at d) with Ans:c

এখানে reception = reception room = বৈঠকখানা, অভ্যর্থনা কক্ষ = ছোট স্থান। তাই এর পূর্বে at বসবে।

41. **He lives – Mirpur – Dhaka.** [স্ট্যান্ডার্ড ব্যাংক লি. (অফিসার, ক্যাশ)-১৬]
a) in, at b) within, at c) at, in d) at, within Ans:c

42. **My father forgot his umbrella — home.** [সাউথ ইস্ট ব্যাংক (অফিসার)-০৯]
a) on b) at c) in d) to Ans:b

43. **At the age of seventeen, Rabindranath Tagore arrived–London -1878.** [JnU C 14-15]
a) at, at b) to, on c) at, in d) in, in Ans:d

44. **I have got an admission test next week. It is – 10:30 – Friday morning.** [BU (C) 13-14]
a) on, in b) in, at c) at, in d) at, on Ans:d

45. **I started – six – the morning.**
a) in, at b) at, by c) at, in d) by, in Ans:c

46. **My birthday is – November/March.** [সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-০৬, DU (D) 00-01, 08-09]
a) in b) on c) at d) by e) month Ans:a

47. **He went there at 7 O'clock —— the evening.** [NSI-এর ফিল্ড অফিসার-১৭]
We reached the airport – the evening. [NU (মানবিক) 14-15]
I will be free — the afternoon. [DU (A) 04-05, SESDP এর থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-১৫]
a) at b) in c) on d) by Ans:b

48. **He was born – a small village — Rajshahi.** [JU (IBA) 10-11]
Fill in the blank. "I live — Mohakhali — Dhaka." [Medical 96-97]
a) at, on b) at, in c) in, at d) on, at Ans:b

49. **Which is the longest river — Europe?** (ইউরোপের দীর্ঘতম নদী কোনটি?) [JnU (B) 09-10]
Which is the longest river — Bangladesh? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী-১৬]
a) in b) of c) within d) by Ans:a

বড় স্থানের পূর্বে in বসে। আবার স্থান নির্দেশ করলে superlative degree এর পরে in বসে।

50. **He studies sociology — Oxford University.** [RU (E- even roll) 12-13]
Can you meet me — Dhaka University on next Sunday? [দুর্নীতি দমন কমিশন (সহকারী কর্মকর্তা)-১০]
a) into b) across c) for d) at Ans:d

51. **There was a long queue of people – the bus stop.** [KU (বিজ্ঞান স্কুল) 10-11]
a) in b) at c) within d) of Ans:b

বিশ্ববিদ্যালয়, বিমানবন্দর, বাসস্টপ, রেলওয়ে স্টেশন ইত্যাদি দ্বারা ছোট স্থান নির্দেশ করা হয় বিধায় এদের পূর্বে at বসে।

52. **Please see the answer — page 10.** [বাংলাদেশ কৃষি ব্যাংক (ডেটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর)-১২]
a) In b) On c) Of d) About Ans:b

53. **Water boils – 100 degree Celsious.** (পানি ১০০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ফুটে) [BRUR (A) 12-13]
Water freezes – 0° C. (পানি ০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় জমাট বাধে) [BSMRSTU (খ) 11-12]
a) by b) with c) in d) at Ans:d

54. **You cannot get this book – such a price.** [এক্সিম ব্যাংক লি. (সহকারী ট্রেইনি অফিসার)-১৮]
The book has been priced – four hundred taka. [RU (সমাজকর্ম) 08-09]
a) for b) at c) with d) on Ans:b

নির্দিষ্ট সময়/পৃষ্ঠা/তাপমাত্রা/গতি/হার/মূল্য বা দাম নির্দেশ করতে at ব্যবহৃত হয়।

55. **Bangladesh was liberated – 1971.** [জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা-০৪, অর্থ মন্ত্রণালয়ে অফিস সহকারী-১১]
India has been independent – 1947. [সাধারণ বীমা কর্পোরেশন (জুনিয়র অফিসার)-০৯]
a) on b) before c) at d) in Ans:d

56. **I went to Narshindi – Monday last.** [MBSTU (B) 12-13]
a) on **b)** in **c)** with **d)** by Ans:a

57. **The Dhaka bound train is due – 3:45.** [RU (B-Law) 16-17]
a) in **b)** at **c)** by **d)** on Ans:b

58. **The Professor will be there –.** [BU (খ) 13-14]
a) by the moment **b)** at a moment **c)** in momentarily **d)** in a moment Ans:d

59. **Choose the correct one.** [DU (A) 10-11]
a) Jamal was born in 13 April in 1992. **b)** Jamal was born on 13 April in 1992.
c) Jamal was born on 13 April on 1992. **d)** Jamal was born in 13 April on 1992. Ans:b

In: কোনো কিছুর সীমানার মধ্যে, পরিহিত (পোশাকের নাম/রং), বিষয়ে/ভাষায় বুঝাতে in ব্যবহৃত হয়।

60. **The young man was dressed — a suit.** [রাজশাহী কৃষি ব্যাংক (কর্মকর্তা, ২য় শ্রেণি)-১৫, RU (E, জোড়) 15-16]
The young woman was dressed — rare silk. [32nd BCS (লিখিত), ইসলামী ব্যাংক (সহকারী অফিসার)-০৮]
a) on **b)** in **c)** into **d)** with Ans:b

61. **The girl – blue is my would be wife.** (নীল পোশাক পরিহিত মেয়েটি আমার হবু বউ) [JU (F) 12-13]
a) in **b)** for **c)** under **d)** to Ans:a

62. **I am writing this essay — blue ink.** [DU (C) 16-17]
Write the application – black ink. (আবেদনপত্রটি কালো কালিতে লিখুন) [HSTU (A) 11-12]
The answer was written – blue ink. [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সুপারভাইজার)-১৭]
a) in **b)** with **c)** by **d)** from **e)** on Ans:a

রং, কালি, পোশাকের পূর্বে in বসে। কিন্তু paint (vt) এর পরে কোনো রংয়ের নাম থাকলে কোন preposition হবে না।

63. **Mr. Mamun delivered a lecture – English.** (মামুন ইংরেজিতে একটা বক্তৃতা দিলেন) [HSTUA 10-11]
a) of **b)** in **c)** to **d)** by Ans:b

By

Rule-1 : ব্যক্তি বা বস্তুর পাশে বা কাছে বা নিকটে বুঝাতে by বসে।
He sat by me. (সে আমার পাশে বসলো) Our house is by the river. (আমাদের বাড়িটি নদীর পাশে)

Rule-2 : অনুসারে বোঝাতে by ব্যবহৃত হয়। তাই ঘড়ি অনুসারে বা ঘড়িতে বোঝাতে by watch ব্যবহৃত হয়।
What is the time by your watch? তোমার ঘড়িতে (ঘড়ি অনুসারে) কয়টা বাজে?

Rule-3 : যোগাযোগ মাধ্যমে বুঝাতে telephone, phone, fax, email, letter, post ইত্যাদির পূর্বে by বসে।
We take order/do business **by** phone (**over the** phone/**on the** phone).

Rule-4 : যাতায়াত মাধ্যমে বুঝাতে বা গমনার্থে by বসে। We can go there **by land** (স্থলে পথে), **by air** (আকাশ পথে), **by water** (নৌপথে), **by** bike/taxi/car/bus/train/plane/boat/ferry/launch/steamer

N.B. যাতায়াত মাধ্যমে বুঝাতে যানবাহনের নামের পূর্বে determiner (a/the/my etc.) থাকলে এদের পূর্বে on বসে। তবে taxi/car এর পূর্বে determiner থাকলে এদের পূর্বে in বসে। অর্থাৎ by train, on the (7.30) train ; by bike, **on** my/his bike ; by bus, **on** the/a bus; by boat/ferry কিন্তু **on** (the/a) boat/ferry

ব্যতিক্রম: by car/taxi কিন্তু **in** (my/a/the) **car/taxi**, [**on** foot (পায়ে হেঁটে), **on** horseback (ঘোড়ায় চড়ে)]

64. **Rashed will come to Bangladesh – plane.** [IFIC Bank (TAO)-18]
a) with **b)** from **c)** by **d)** at Ans:c

65. **I normally travel – bus.** [CU 01-02] **He went to the market – taxi.** [JU (IIT) 14-15]
a) by **b)** in **c)** on **d)** with Ans:a

66. **I walked to work but I came home — the taxi.** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা, ২য় শ্রেণি)-১৫]
a) on **b)** by **c)** in **d)** with Ans:c

67. **We travelled – 6:45 train, which arrived at 8:30.** (আমরা পৌনে সাতটার ট্রেনে ভ্রমণ করেছিলাম সেটা সাড়ে আটটায় পৌঁছেছিল) [RU (D, বাণিজ্য) 12-13, 14-15, 16-17, JnU (C) 17-18, JKKNIU (B) 17-18]

a) in the **b)** on the **c)** by **d)** by the Ans:b

Source: Intermediate English Grammar Raymond Murpy, Study guide অংশের 15.8 প্রশ্নটি হুবহু দেয়া হয়েছে।

68. **There are fifty passengers – the bus.** [NU (বাণিজ্য) 12-13, (মানবিক) 14-15, BRUR C 16-17]

There were too many people – the bus. [বাংলাদেশ কৃষি ব্যাংক-১০]

I'll go to the university – the route-30 bus. [কর্মসংস্থান ব্যাংক-০৮]

a) in **b)** inside **c)** on **d)** over Ans:c

69. **I went there — my bike.** (আমি বাইক নিয়ে সেখানে গিয়েছিলাম) [প্রাথমিক প্রধান শিক্ষক (শাপলা)-০৯]

a) on **b)** upon **c)** in **d)** by Ans:a

70. **Rabi comes to work – car but I prefer to come – foot.** [JnU (D) 11-12]

a) beside, next to **b)** at, in **c)** at, into **d)** by, on Ans:d

71. **Alex and I went out – the boat.** [HSTU (C) 14-15]

They crossed the English Channel – a small boat. [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-৯৭]

a) on **b)** by **c)** in **d)** with Ans:a

72. **I caught him — the ear.** (আমি তার কান ধরলাম) [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক-১৯]

a) by **b)** with **c)** in **d)** of [সার্কেল অ্যাডজুটেন্ট-১৫] Ans:a

আমার যখন কোনো কিছুর বা অংশ ধরি তা বোঝাতে **by** ব্যবহৃত হয়। catch/take (sb) **by** the (hand/leg/ear)

73. **We hid our boat in the bushes and set – a camp – the river.** [দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে অডিটর-১৯

a) by, in **b)** on, at **c)** up, by **d)** down, over [DU A 13-14]Ans:c

Set up – স্থাপন করা; (set up a camp – তাঁবু স্থাপন করা); নিকটে বা পাশে অর্থে by (beside) ব্যবহৃত হয়।

74. **He sat – the fire – me.** (সে আমার সাথে আগুনের পাশে বসলো) [BUET 96-97, JU (গ) 11-12]

a) in, on **b)** of, by **c)** by, with **d)** at, with Ans:c

75. **You have to leave the shoes — the door when you enter the home.** [KU (BBA) 15-16]

a) in **b)** over **c)** to **d)** by Ans:d

76. **A fisherman earns his livelihood – catching and selling fish.** [DU (B) 06-07]

a) by **b)** for **c)** at **d)** in Ans:a

77. **What is the time – your watch?** [12th BCS, ATEO-95, ফুড ইন্সপেক্টর-৯৬, ০০, RU (ভাষা বিভাগ) 09-10, BRDB পল্লী উন্নয়ন কর্মকর্তা-১২, প্রাথমিক সহকারী শিক্ষক-১৩, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা)-১৪, COU (C) 15-16, JnU (D) 17-18, JKKNIU (D) 18-19, BRUR (B) 18-19, ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স-এর ফোরম্যান-১৯]

a) by **b)** in **c)** with **d)** at Ans:a

78. **Now it is just 12 O'clock – my watch.** (আমার ঘড়িতে এখন ঠিক বারোটা বাজে) [JU (D) 14-15]

It is exactly 5 pm – my watch. (আমার ঘড়িতে ঠিক বিকাল ৫টা বাজে) [COU (C) 11-12]

Now it is ten O'clock – my watch. [এখন আমার ঘড়িতে (= ঘড়ি অনুসারে) দশটা বাজে।] [বাংলাদেশ ব্যাংক (AD)-০১, যমুনা ব্যাংক-০৪, সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড (অফিসার)-০৪, BRUR (C) 12-13]

a) from **b)** by **c)** at **d)** of Ans:b

79. **Our school is – the main road.** [প্রাথমিক প্রধান শিক্ষক-০৭]

a) on **b)** in **c)** to **d)** by Ans:a,d

80. **The new airport should be fully operational – the end of the year.** [DU (A) 10-11]

He was nearly dead – the time he got back home. [Medical 04-05, JKKNIU ক 16-17]

I'll have finished – the time you get back.(তুমি ফিরে আসার পূর্বে আমি কাজ শেষ করব)[10th BCS (W)]

a) since **b)** with **c)** by **d)** in Ans:c

OVER

Rule-1: স্পর্শ না করে উপরে গতিশীলতা অর্থে over বসে। The fan is moving over his head.
তবে, ঢেকে দেয়া (covering) অর্থে over বসে। He put a rug over me. সে আমাকে কম্বল দিয়ে ঢেকে দিল
Rule-2 : এক প্রান্ত থেকে অপর প্রান্তে তথ্য প্রেরণমূলক মাধ্যমের পূর্বে over বসে।
Raza requested Romana **over the** phone (**by** phone) to attened the meeting.
Rule-3 : কোনো কিছুর উপর দিয়ে এক পাশ থেকে অপর পাশ পর্যন্ত বা আড়াআড়িভাবে বুঝাতে over বসে।
A bridge over the river. আবার, কোনো স্থানের সর্বত্র অর্থে over বসে। (all) over the country/world
Rule-4 : উপর দিয়ে অতিক্রম করা বুঝাতে over বসে। The plane flew over Dhaka.

81. **– Pohela Boishakh, there is a festive mood all – the country.** [DU (B) 15-16]
a) at, over **b)** in, across **c)** since, across **d)** on, over Ans:d

82. **– Bangladesh, the general movement of air is from South to north.** [JU (E-1) 13-14]
a) for **b)** having **c)** over **d)** regarding Ans:c

83. **The man jumped – the wall into the garden.** [RU (B-Law) 14-15]
The burglar (ছিচকে চোর) **jumped – the compound wall.** [প্রাথমিক প্রধান শিক্ষক-০৮]
a) on **b)** at **c)** over **d)** in Ans:c

84. **There is a bridge – the river.** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা-০৬, **RU (E2) 17-18**]
There is the Jamuna Bridge – the river of Jamuna. [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ইনভেস্টিগেটর-০৬]
a) on **b)** over **c)** for **d)** above Ans:b

85. **Every year millions of people all – the world die unnecessarily as a result of pollution.**
a) of **b)** in **c)** over **d)** outside [IU (B)14-15]Ans:c

86. **She put a quilt – me.** (সে আমাকে কাঁথা/লেপ/তোশক দিয়ে ঢেকে দিল) [Medical 96-97, HSTU (C) 10-11]
a) on **b)** over **c)** upon **d)** above Ans:b

ON

Rule 1 : স্পর্শ অবস্থায় উপরে বা সংস্পর্শ বুঝাতে on বসে। Put the book on the table.(টেবিলের উপর বইটা রাখ)
Rule 2 : নির্দিষ্ট দিন বা বারের নামের পূর্বে on বসে। I went to meet him on last Monday
Rule 3 : নির্দিষ্ট তারিখে বুঝাতে on বসে। I was born on 2 March in 1989.
Rule 4 : সদস্য বুঝাতে on বসে। There is no woman on the committee.
Rule 5 : কোনো কিছু সমন্ধে অর্থে on বসে। This is a book on pregnancy.
Rule 6 : মাধ্যম বা যন্ত্র অর্থে on বসে। on TV/computer, On the radio/the phone
Rule 7 : ভ্রমণের কোনো উপায় বুঝাতে on বসে। on trains/the train, on foot, on horseback

87. **— 15 August 1975, Bangabandhu was brutally killed.** [RU (B-Law) 16-17]
— 3 November 1975, four national leaders were brutally assassinated. [RU (B) 15-16]
a) In **b)** At **c)** By **d)** On Ans:d

88. **Neel lives — the 11th floor of the building.** [BSMRSTU (C) 14-15, (E) 15-16]
Our flat is — the second floor of the building. [JU (গ) 09-10, (B) 11-12, গণমাধ্যম সহ.পরিচালক-০৩]
a) at **b)** on **c)** in **d)** upon Ans:b

89. **Please put the vase – the table.** [38th BCS (MA)]/ **The cup is – the table.** [দুদকের কনস্টেবল-১৯]
a) in **b)** for **c)** on **d)** over Ans:c

90. **I did not know that he was – the committee.** [BRDB Bank-11, HSTU (D) 13-14]
I am not – the committee. (আমি কমিটির সদস্য নই/কমিটিতে নেই) [IU (D) 13-14]
a) in **b)** at **c)** on **d)** against by Ans:c

91. **The pictures moved rapidly – the screen.** [NU (মানবিক) 14-15]
a) in **b)** on **c)** over **d)** by Ans:b

92. **Our examination will start – Monday next.** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর-১৯]
Today's suspended class has rescheduled — next Saturday. [RU (B-Law) 15-16]
I shall see you — Monday. (আমি সোমবার তোমার সাথে দেখা করবো) [NU (ব্যবসায়) 09-10]
Come to my birthday party – Saturday night. [JnU (D) 06-07]
a) in **b)** on **c)** at **d)** for Ans:b

93. **The sari – her is very expensive.** (তার পরনের শাড়িটি খুব দামী/ব্যয়বহুল) [NU (ব্যবসায়) 10-11]
a) in **b)** on **c)** with **d)** over Ans:b

শাড়ি পরিধেয় অবস্থায় শরীর স্পর্শ করে শরীরের উপর থাকে তাই on হবে।

94. **The university will build a new dormitory – campus.** [DU (D) 04-05, (A) 15-16]
a) on **b)** in **c)** over **d)** with Ans:a

95. **Many poor people live – the island** (আইল্যান্ড). (দ্বীপটিতে অনেক লোক বাস করে) [JnU (B) 13-14]
a) across **b)** on **c)** in **d)** at Ans:b

on an/the island – দ্বীপে (দ্বীপের সীমানার মধ্যে) ; on campus – বিশ্ববিদ্যালয়ের মূলসীমানার মধ্যে।

96. **The dog bit her — the leg.** (কুকুরটি তার পায়ে কামড় দিল) [RU (ইতিহাস) 09-10]
a) on **b)** at **c)** by **d)** in Ans:a

97. **Do you watch the cricket game – TV last night?** [DU (D, বাতিল) 18-19]
a) in **b)** of **c)** to **d)** on Ans:d

98. **Is there anything good – television this evening?** [DU (B) 00-01]
a) for **b)** upon **c)** in **d)** on Ans:d

99. **I lent him a book – New York yesterday.** (- নিউইয়র্ক সম্পর্কে লেখা একটি বই) [JnU C 12-13]
I have just finished reading a book – the sub-Saharan economy. [BHBFC (Officer)-11]
a) on **b)** about **c)** in **d)** at Ans:a

100. **কোন বাক্যটি শুদ্ধ?** (সে কমিটিতে নেই) [প্রাথমিক সহকারী শিক্ষক (রাবি)-০৬, (বুড়িগঙ্গা)-১৩, (৪র্থ পর্যায়)-১৯]
a) He is not in the committee **b)** He is not in committee
c) He is not at the committee **d)** He is not on the committee Ans:d

Under :

Rule 1 : কোনো কিছুর নিচে, নিম্নস্থানে অর্থে under ব্যবহৃত হয়। He hid under the bed. (সে বিছানার নিচে লুকাল)
He put the thermometer under my tongue. They live under tha same roof. (একই ছাদের নিচে)

Rule 2 : কোনো কিছু অনুসারে (according to sth) অর্থে under ব্যবহৃত হয়।
The accused was arrested under the warrant of the court. (= আদালতের গ্রেপ্তারি পরোয়ানা অনুসারে)

Rule 3 : কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান/বাহিনীর নিয়ন্ত্রণে (controlled/governed by) **অর্থে under ব্যবহৃত হয়।**
The country is under martial law/military rule. The restaurant is under new management.

Rule 4 : প্রক্রিয়াধীন অর্থে under ব্যবহৃত হয়। under trial (বিচারাধীন) under consideration (বিবেচনাধীন)

101. **The dog was hiding – the table.** (কুকুরটি টেবিলের নিচে লুকাচ্ছিল) [DU (অধিভুক্ত ৭ কলেজ, বাণিজ্য) 18-19]
a) down **b)** under **c)** over **d)** up Ans:b

102. **The mission is – United Nations control.** [NATP এর ফিল্ড অ্যাসিসটেন্ট-১৯]
a) about **b)** under **c)** in **d)** of Ans:b

103. **The labourers work – the guidance of the foreman.** [IU (B) 14-15]
a) under **b)** over **c)** against **d)** for Ans:a

104. **She left her key – a mat by the front door.** [DU (B) 06-07]
a) below **b)** under **c)** at **d)** through Ans:b

Below: অপেক্ষাকৃত নিচের অবস্থানে (lower position) অথবা নিচে (under) বুঝাতে below ব্যবহৃত হয়।
She has three people working below her. He dived below the surface of the water.
Please do not write below this line. The author's name was printed below the title.

105. **A crocodile was lurking just the surface.** [DU (B) 17-18]
a) behind **b)** below **c)** in **d)** around Ans:b

106. **He is – me in the class.** (সে আমার নিচের ক্লাসে পড়ে) [HSTU (C) 13-14]
a) below **b)** toward **c)** over **d)** under Ans:a

Into: কোনো দিকে গতিশীলতা (সমতলে), বাইরে থেকে ভেতরে প্রবেশ অথবা অবস্থার পরিবর্তন অর্থে into ব্যবহৃত হয়।
Onto: উপর থেকে নিচে বা নিচে থেকে উপর দিকে গতিশীলতা বুঝালে into ব্যবহৃত হয়। A tree fell onto a car.

107. **He is walking – a corner shop/store.** [DU EMBA-14, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মকর্তা)-১৮]
They walk – the room. (তারা হেঁটে ঘরে ঢুকছে) [RU 09-10]
a) to **b)** for **c)** at **d)** into Ans:d

108. **The driver jumped – the car.** [RU (E) 18-19]
a) in **b)** to **c)** onto **d)** into Ans:d

109. **She was sliding – depression.** (সে হতাশার মধ্যে পতিত হচ্ছিল) [DU (B) 18-19]
a) into **b)** of **c)** on **d)** at Ans:a

110. **Water changes – vapour.** (পানি বাষ্পে রূপান্তরিত হয়) [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনডেন্ট অব সার্ভে-০৫]
Water is changed – vapour by heat. [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার-০৫]
Water turns – vapour at 100^0 C. (১০০° সেন্টিগ্রেড তাপে পানি বাষ্প হয়) [HSTU (B) 11-12]
Water changes – vapour when it is heated. (পানিকে যখন তাপ দেয়া হয় তখন তা বাষ্পে রূপান্তরিত হয়) [প্রতিরক্ষা মন্ত্রণালয়ে সহকারী সুপারিনটেনডেন্ট-০৫, NU (মানবিক) 10-11, HSTU (A) 14-15]
a) by **b)** for **c)** in **d)** into Ans:d

111. **Economists divide resources – four categories.** [DU (C) 18-19]
a) on **b)** into **c)** for **d)** with Ans:b

112. **He broke the jug – a hundred pieces.** [প্রাথমিক সহকারী শিক্ষক-১১, অর্থ মন্ত্রণালয়ের সহকারী ডাটা অপারেটর-১২]
I divided the cake – four parts. (আমি কেকটি চারটি অংশে ভাগ করলাম) [KU (E) 11-12]
a) with **b)** into **c)** at **d)** in Ans:b

Out of: কোনো কিছুর বাইরে, মধ্য হতে বাইরে (গতিশীলতা), মধ্য হতে, কারণে বোঝাতে out of ব্যবহৃত হয়।
Don't lean out of the window.(জানালার বাইরে হেলান দিও না); I scored 7 out of 10. (আমি দশে সাত পেয়েছি)

113. **Don't let the child put its hand — the car window.** [CU ($B_{2.8}$) 15-16]
Mother was looking – the window. (মা জানালার বাইরে দেখছিলেন) [IU (B) 06-07, 07-08]
a) inside **b)** out of **c)** across **d)** in Ans:b

114. **A lion jumped – the trees.** [KU (কলা ও মানবিক স্কুল) 09-10, 10-11]
a) out of **b)** outside of **c)** from behind **d)** from among Ans:a

115. **Many people from out – town stayed at that motel.** [RU (D, বাণিজ্য) 16-17]
a) on **b)** out **c)** of **d)** in Ans:c

N.B. কোনো ভেতর হতে বাইরে অথবা কিছুর বাইরে থেকে ভেতরে গতিশীলতা বোঝাতে out of এর বিপরীত into হয়।
She got **out of** the car and went **into** a shop. An man came **out of** the house and got **into** a car.

116. **The ship sailed – of the icy waters – another sea.** [অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা-০৪]
a) on, from **b)** out, into **c)** of, into **d)** to, out Ans:b

Along: কোনো স্থানের দূরত্ব বরাবর পাশ দিয়ে বা ধার দিয়ে (কোনো কিছুর একপাশে) বোঝাতে **along** ব্যবহৃত হয়।

I walked slowly along the road. I looked along the shelves for the book I needed.

117. **The dog ran — the road.** [প্রাথমিক সহকারী শিক্ষক-০৮, স্বাস্থ্য অধিদপ্তরে অফিস সহায়ক-১৮, KU (C) 18-19]

She drove — the rough road. (সে বন্ধুর রাস্তায় গাড়ি চালালো) [সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক-০৫]

a) on **b)** along **c)** in **d)** with Ans:b

118. **We often go fishing — the river bank.** [KU (B) 14-15, NATP এর ফিল্ড অ্যাসিসটেন্ট-১৯]

He ran — the river bank with full speed. (সে নদীর তীরে পুরোদমে দৌড়ালো) [RU (Law) 10-11]

The boys are walking — the river bank. (ছেলেগুলো নদীর তীরে হাঁটছিল) [CU (D) 18-19]

The spent the day walking — the river bank. [CU (C) 07-08]

a) along **b)** across **c)** beyond **d)** on Ans:a

119. **Soldiers were deployed — the border of the country.** [অগ্রনী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৭]

a) by **b)** to **c)** on **d)** along Ans:d

Across: ১.কোনো কিছুর এক পাশ থেকে অন্য পাশে যাওয়া, যেমন রাস্তা/নদী/মাঠ পার হওয়া বুঝাতে **across** ব্যবহৃত হয়।

e.g. He swam across the river. (সে সাঁতার দিয়ে নদী পার হলো) He walked across the field/road.

১.১ এক পাশ থেকে অন্য পাশে বুঝাতে : They are building a new bridge across the river.

I drew (ড্র) a line across the page. A grin spread across her face.

২. ওপারে : The bank is just across the road/street. (ব্যাংকটি রাস্তার ঠিক ওপারে)

৩. কোনো স্থানের সর্বত্র জুড়ে বুঝাতে : English is spoken across the world. (সারা বিশ্বে ইংরেজি বলা হয়)

120. **The lady ran – the road.** (মহিলাটি দৌড়ে রাস্তা পার হলো) [দুদকের কনস্টেবল-১৯]

He ran – the field. (সে দৌড়ে মাঠ পার হলো) [SUST (C) 08-09]

a) over **b)** to **c)** into **d)** across Ans:d

121. **It is dangerous to run — the road.** (দৌড়ে রাস্তা পার হওয়া বিপজ্জনক) [IU (B) 15-16]

a) on **b)** across **c)** after **d)** over Ans:b

122. **There is a bridge – the river.** [IFIC Bank (TAO)-19]

a) near **b)** across **c)** on **d)** along Ans:b

123. **Voting took place peacefully – most of the country.** [জনতা ব্যাংক ও রূপালী ব্যাংক লি. (অফিসার)-১৯]

Polls took place peacefully – the country. (সারা দেশে শান্তিপূর্ণভাবে ভোট হলো) [Medical 18-19]

a) across **b)** besides **c)** into **d)** for Ans:a

Through: কোনো কিছুর ভেতর দিয়ে বা এক প্রান্ত থেকে অন্য প্রান্ত বোঝাতে **through** ব্যবহৃত হয়।

124. **No problem can be solved – violence.** [বেসিক ব্যাংক-০৯, পরিসংখ্যান অ্যাসিসট্যান্ট অফিসার-১৪]

a) through (থ্রু) **b)** in **c)** by **d)** way Ans:a

125. **The Thames – London.** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে এডমিনিস্ট্রেশন অফিসার ও পারসোনাল অফিসার-০৬]

a) flows by **b)** flows from **c)** flows into **d)** flows through Ans:d

126. **Their journey – the sea was unhappy.** [DU (অধিভুক্ত ৭ কলেজ, বিজ্ঞান) 18-19]

a) on **b)** over **c)** to **d)** through Ans:d

127. **The view – the open window is very pretty** (খোলা জানালার মধ্য দিয়ে দৃশ্যটি খুব সুন্দর লাগে).

[DU (C) 01-02, বাংলাদেশ ব্যাংক (AD)-০৬, RU (ব্যবস্থাপনা) 06-07, 08-09, IU (C) 16-17]

a) at **b)** by **c)** through **d)** to Ans:c

128. **One day Mr. Ahmed was walking – a wood (বন) – the rain.** [JU (G) 17-18, RU (E) 18-19]

(একদিন মি. আহমেদ বৃষ্টির মধ্যে একটি বনের মধ্য দিয়ে হাঁটছিল) [PKSF এর সহকারী ব্যবস্থাপক-০৯, COU (C) 13-14]

a) in, through **b)** through, in **c)** under, in **d)** in, under **e)** in, in Ans:b

Towards: দিকে/অভিমুখে/পানে বুঝাতে **towards** ব্যবহৃত হয়। She stood up and walked towards him.

129. **It was a long walk, so he began moving slowly ___ the town.** [IFIC Bank (TAO)-19]
a) at **b)** until **c)** towards **d)** for Ans:c

Up: কোনো কিছুর উপরের দিকে বুঝাতে **up** বসে। He climbed up the stairs. He ran up the ladder.

130. **Please walk – the stairs.** (অনুগ্রহ করে সিঁড়ির উপর দিয়ে হাঁটুন) [প্রাথমিক প্রধান শিক্ষক-১৩]
a) up **b)** over **c)** into **d)** in Ans:a

131. **Go — these stairs until you reach the top floor.** [IU (C) 15-16]
a) up **b)** through **c)** on **d)** in Ans:a

Down: উপর থেকে নিচের দিকে বুঝাতে **down** ব্যবহৃত হয়। Big tears ran down her cheeks.

132. **The tears ran – her face.** (তার মুখমণ্ডল বেয়ে অশ্রু গড়িয়ে পড়ল) [KU A 12-13]
a) in **b)** on **c)** at **d)** down Ans:d

Inside: কোনো কিছুর ভিতরে/মধ্যে বুঝাতে **near** ব্যবহৃত হয়। Go inside the house. (বাড়ির ভিতরে/মধ্যে যাও)

133. **I kept the pencil – the pencil box.** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী-১৩]
a) inside **b)** into **c)** of **d)** to Ans:a

Off: কোনো হতে/থেকে বুঝাতে **off** ব্যবহৃত হয়। He fell off his bike/the ladder. (সে বাইক/মই থেকে পড়ল)

134. **The cat jumped – the chair.** (বিড়ালটি চেয়ার থেকে লাফ দিল) [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী-১৯]
a) from **b)** out **c)** off **d)** on Ans:c

Opposite: অপর পাশে কিন্তু মুখোমুখি (facing) বুঝাতে **opposite** ব্যবহৃত হয়। (opposite (adj.) **to** ব্যবহৃত হয়)
The bank is opposite the restaurant (= রাস্তার দুই পাশে কিন্তু মুখোমুখি).
I sat opposite him during the meal (= টেবিলের দুই পাশে কিন্তু মুখোমুখি). They sat opposite each other.

135. **The clinic is – the police station.** (ক্লিনিকটির অবস্থান পুলিশ স্টেশনের মুখোমুখি) [DU (D) 18-19]
a) opposite to **b)** opposite of **c)** opposite in **d)** opposed to Ans:a

Near: নিকটে/কাছে (অল্প দূরত্ব) বুঝাতে **near** ব্যবহৃত হয়। I live near my office. (আমি আমার অফিসের কাছে থাকি)

136. **Sumi is looking for an apartment — the park.** [পিএসি'র সহকারী পরিচালক-০৪]
a) at **b)** of **c)** to **d)** near Ans:d

Beyond: কোনো সীমার বাইরে (outside a stated limit) অর্থে **beyond** ব্যবহৃত হয়।
beyond one's means/capacity/reach -কারো সামর্থ্যের/ নাগালের বাইরে [বিপরীত: within reach-নাগালের মধ্যে]

137. **'The dog jumped — the wall and went — our reach.'** [RU (G) 10-11, IU (F) 15-16]
a) over, behind **b)** over, beyond **c)** on, beyond **d)** with, behind Ans:b

138. **Ultrasonic waves are beyond the range of sounds a human can hear.** [DU (D) 11-12]
a) outside **b)** without **c)** over **d)** around Ans:a

Except, without, but: ব্যতীত/ছাড়া (but), বাদে (apart from, not including) অর্থে **except** ব্যবহৃত হয়।
e.g. They all came except Sadia. সাদিয়া বাদে/ছাড়া সবাই এসেছিল। We work everyday except Friday.
না হলে/না করে (not having, not doing), ছাড়া/বিনা/অভাব/না থাকলে (lacking) অর্থে **without** ব্যবহৃত হয়।
e.g. They had gone two days without food. I couldn't have done it without you.

139. **Nobody– Alam knew the matter.**(বিষয়টি আলম ছাড়া কেউ জানতো না) [জনশক্তি প্রশিক্ষণ ব্যুরো,উপপরিচালক-০৭]
Nobody – you know the truth. (তুমি ছাড়া আর কেউ সত্যটি জানে না) [JU (IBA) 10-11]
a) without **b)** but **c)** that **d)** beside Ans:b

140. **There can be no invention – an inventor.** [DU (D) 01-02, IU (B) 10-11]
a) except **b)** nor **c)** without **d)** before Ans:c

Except- বাদ দিয়ে; without – না থাকলে, বিনা, ছাড়া; বাক্যের অর্থ: উদ্ভাবক না থাকলে কোনো উদ্ভাবন হতে পারে না

141. **I must not condemn her – knowing.**
He ran 10 kilometers – stopping.
a) without **b)** by **c)** for **d)** before [DU (অধিভুক্ত ৭ কলেজ, বিজ্ঞান) 18-19, CU A 19-20] [গণমাধ্যম ইনষ্টিটিউটের সহকারী পরিচালক-০৩] Ans:a

142. **Everyone — Ruma wants milk in the tea.**
a) except **b)** exceptance **c)** excepting **d)** exception [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার অফিসার-১৭] Ans:a

Between, Among

সাধারণত দুইটি ব্যক্তি বা বস্তুর ক্ষেত্রে between এবং দুইয়ের অধিক ব্যক্তি বা বস্তু এর ক্ষেত্রে among ব্যবহৃত হয়।

১. collective noun এর পূর্বে among ব্যবহৃত হয়। **e.g.** He was standing among a crowd of children.

ব্যতিক্রম: নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে দুইয়ের অধিক বুঝালেও between ব্যবহৃত হয়।

১. দুইয়ের অধিক Proper noun থাকলে অথবা স্বতন্ত্র বা আলাদা স্বত্তা বুঝালে দুইয়ের অধিক কোনো কিছুর ক্ষেত্রেও between ব্যবহৃত হয়। **e.g.** There is a great difference between London, Dhaka and Delhi.
Luxemburg lies between Belgium, Austria and France.
[**Source:** A Practical English Grammar by A.J. Thomson & A.V. Martinet, 95 F]
Switzerland lies/is between France, Germany, Austria and Italy. [OALD & Michael Swan]
My friend lives somewhere in that place between the hospital, the university and the bypass.
Our house is between the woods, the river and the village.[Practical English Usage-Michel Swan]

২. পারস্পারিক সম্পর্ক বুঝালে দুইয়ের অধিকের মধ্যেও between ব্যবহৃত হয়।
There is a treaty of friendship between the five great powers.
Cultural exchanges are a way of building bridges between countries.

৩. sharing/dividing বুঝালে অথবা share/divide এর পরে a series of singular nouns থাকলে সাধারণত between ব্যবহৃত হয়, কিন্তু plural noun থাকলে তার পূর্বে between অথবা among ব্যবহৃত হয়।
He shared/divided his property/money **between** his wife, his son and his daughter.
He divided all his money between/among all his children and grandchildren.
The money was divided equally between several worthy causes.
We shared the work between/among the five of us.
He shared the food between/among all my friends.
We ate a pizza between us. We ought to be able to manage it between us. (OALD)

ব্যতিক্রম: distribute থাকলে দুইয়ের অধিক নাম থাকলেও among/to হয়।

143. **'Between' is a preposition that is used when - people are involved.** [পিটিআই এর শিক্ষক-১৯]
a) two **b)** three **c)** four **d)** many [CU E 11-12]Ans:a

144. **'Among' is a preposition that is used when – people are involved.** [38th BCS]
a) more than two **b)** two **c)** four only **d)** two or more than two Ans:a

145. **'Among' is a preposition that is used when – persons are involved.** [বাংলাদেশ ব্যাংক-০১]
a) three or more **b)** two **c)** one **d)** none of these Ans:a

146. **Nepal lies – India, China and Bhutan.** (ভারত, চীন ও ভুটানের মধ্যে নেপাল অবস্থিত) [RU E 15-16]
Switzerland lies – France, Germany, Italy and Austria. [CU (গ) 03-04]
The growth in trade – SAARC countries remains constrained by border issues.
a) among **b)** between **c)** in **d)** amid [BSMRSTU D 16-17]Ans:b
Source: Oxford Advanced Learner's Dictionary তে between শব্দটিতে দ্বিতীয় উদাহরণটি হুবুহু দেখুন।

147. **He was happy to be – friends.** [RU (ভূগোল) 06-07, DU (D) 02-03, (C) 13-14]
a) between **b)** into **c)** after **d)** among Ans:d

148. **Distribute these mangoes – Arif and Babu.** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা-১৬]
He divided money – the two children. [21st BCS, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক-১৩]
Divide the money – the two boys. [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক-০৫]
a) among **b)** between **c)** in between **d)** over Ans:b

149. **Divide the apples — the boys.** (ছেলেদের মধ্যে আপেলগুলো ভাগ করে দাও) [CU (F) 12-13]
a) between **b)** among **c)** to **d)** with **e)** into Ans:b

150. **Can tell me the difference — butter and margarine?** [DU (C) 17-18]
a) over **b)** with **c)** between **d)** in Ans:c

151. **Our teacher told the monitor to hand out scripts – the class.** [DU (D) 11-12, KU (জীববিজ্ঞান স্কুল) 15-16, প্রাক-প্রাথ:সহ: শিক্ষক (মুক্তিযোদ্ধা)-১৬]
a) between **b)** into **c)** through **d)** among Ans:d

152. **You boys must settle it – yourselves.** [DU C 03-04]
a) between **b)** into **c)** about **d)** among **e)** inside Ans:d

153. **The money was divided not — his two sons only but – all his sons and daughters.** [CU E 10-11]
a) among, among **b)** between, between
c) within, among **d)** between, among Ans:b

154. **The divisions — the various classes of society are not so sharply marked as they used to be.** [সমাজসেবা অধিদপ্তরে সমাজসেবা অফিসার-০৬]
a) among **b)** between **c)** within **d)** in Ans:a

155. **I'll arrive sometime — 8 and 9 am.** (আমি সকাল ৮ এবং ৯ টার মধ্যে কোনো এক সময় পৌছাব) [JU (I) 17-18]
a) next to **b)** in **c)** between **d)** one Ans:c

Since, For

Period of time এর পূর্বে for বসে। period of time হচ্ছে সেই সময়কাল যাকে সময় গণনার একক (সেকেন্ড, মিনিট, ঘন্টা, সপ্তাহ, মাস, বছর ইত্যাদি) দ্বারা গণনা করা যায়। যেমন: এক মিনিট, দুই মিনিট, এক ঘন্টা, দুই ঘন্টা, এক দিন, এক মাস, এক সপ্তাহ, এক বছর, দুই বছর ইত্যাদি। **ব্যতিক্রম:** (for) a long time (অনেক/দীর্ঘ সময়/ক্ষণ/দিন)।
Sumi has been working here for six months. (সুমি এখানে ছয় মাস ধরে কাজ করছে)

Point of time এর পূর্বে since বসে। point of time হচ্ছে সেই সময়কাল যাকে এক, দুই, তিন ইত্যাদি গণনার একক দ্বারা গণনা করা যায় না বরং কোনো মুহূর্ত বা সময়কে নিদেশ করে। যেমন: গত সোমবার, গত সপ্তাহ/মাস/বছর, তিনটা (3 o'clock), সাড়ে তিনটা (3.30 p.m. অথবা, half past three) ইত্যাদি।
I have been waiting since half past three. (আমি সাড়ে তিনটা থেকে অপেক্ষা করছি) [CU D 08-09]
It has been raining (for one hour/ since morning). (সকাল থেকে/এক ঘন্টা ধরে বৃষ্টি হচ্ছে)

156. **He has been studying — morning.** [দুদকের অফিস সহায়ক-১৯]
a) from **b)** since **c)** for **d)** after Ans:b

157. **Find out the correct sentence.** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৯]
a) She is sleeping for six hours. **b)** She has been sleeping for six hours.
c) She is sleeping since six hours. **d)** She has been sleeping since six hours. Ans:b

158. **I have eaten nothing —— yesterday.** [NSI এর অফিস অ্যাসিসটেন্ট-১৭]
He has been ill — last Sunday. (শনিবার থেকে সে অসুস্থ) [পরিসংখ্যান ব্যুরোর ডেটা এন্ট্রি অপারেটর-১৬]
a) from **b)** since **c)** for **d)** none of these Ans:b

159. **It has been raining – Sunday.** (রবিবার থেকে বৃষ্টি হচ্ছে) [টেক্সাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইনস্ট্রাক্টর-১৮]
a) from **b)** since **c)** along **d)** till Ans:b

160. **Julia has been ill – three months.** (জুলিয়া তিন মাস যাবত অসুস্থ) [28th BCS, BRUR (B) 12-13]
Sonia has been sick – two months. (সোনিয়া দুই মাস ধরে অসুস্থ) [সহকারী জজ-১০]
He has been sick – a month. (সে একমাস ধরে ধরে অসুস্থ) [সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-৯৯]
It has been raining – two days. (দুদিন ধরে বৃষ্টি হচ্ছে) [সাধারণ বীমা কর্পোরেশন (জুনিয়র অফিসার)-০৯]
We have been waiting – twenty minutes. [সাধারণ বীমা কর্পোরেশন (জুনিয়র অফিসার)-০৯]
a) since **b)** about **c)** in **d)** for Ans:d

161. **Mr. Rahim has been absent from the office – Friday last.** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা-০৬]
He has been ill – Friday last. (সে গত শুক্রবার থেকে অসুস্থ) [26th BCS, সংস্থাপন মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা-০৭, BSMRSTU (খ) 11-12, JU (D) 14-15, সমাজসেবা অধিদপ্তরে অফিস সহায়ক-১৭, **প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর-১৯**]
a) since **b)** on **c)** from **d)** in Ans:a

162. **He has been working here – three years.** [বিভিন্ন মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা (মুক্তিযোদ্ধা)-১৮]
He lived in Dhaka —— ten years. [NSI এর অফিস অ্যাসিসটেন্ট-১৭]
We have been reading in this school – four years. [পানি উন্নয়ন বোর্ড অফিস সহায়ক-১৫]
a) since **b)** for **c)** in **d)** during Ans:b

163. **I have been living in Dhaka – 2000.** [36th BCS, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে অফিস অ্যাসিসটেন্ট-১৮]
She has lived here – 1975. [সাধারণ বীমা কেপোরেশন (জুনিয়র অফিসার)-০৯]
a) since **b)** from **c)** after **d)** till Ans:a

164. **I have been waiting – five o'clock.** [সার্কেল অ্যাডজুটেন্ট-১৫]
a) since **b)** for **c)** at **d)** by Ans:a

165. **We haven't seen him – almost a year.** (আমি তাকে প্রায় এক বছর দেখিনি) [JU (BBA) 11-12]
I have been reading 'Crime and Punishment' – the last twenty days. [DU (D) 96-97]
I have not seen you — a week. (আমি তোমাকে এক সপ্তাহ ধরে দেখিনি) [BRUR (A) 15-16]
a) since **b)** for **c)** from **d)** until Ans:b

166. **He has been living in Italy —.** [RU (D-অ-বাণিজ্য) 12-13, NSTU (D) 13-14]
a) to ages **b)** from ages **c)** for ages **d)** since ages Ans:c

167. **Hi there! I haven't seen you – ages.** [IU (B) 18-19]
I have not seen you — ages. (দীর্ঘদিন তোমাকে দেখিনি) [KU (A) 11-12, NSTU (D) 13-14]
a) since **b)** for **c)** during **d)** from Ans:b

ঘন্টার পর ঘন্টা, দিনের পর দিন, বছরের পর বছর ইত্যাদি ক্ষেত্রে for ব্যবহৃত হয়। যেমন: আমি ঘন্টার পর ঘন্টা পড়েছি- I have read for hours. তিনি দীর্ঘদিন ধরে ইতালিতে বাস করছেন- He has been living in Italy for ages.

168. **He said nothing – a long time.** (সে অনেক ক্ষণ/সময় ধরে কিছুই বললো না/বলেনি) [NU (মানবিক) 13-14]
I have known him – a long time. (আমি তাকে অনেক দিন থেকে চিনি)
a) after **b)** since **c)** during **d)** for Ans:d

Beside, Besides

Beside (near, next to, by) = পাশে; Besides (in addition to, apart from sb/sth) = ছাড়া, ব্যতীত
He sat beside/by me. (সে আমার পাশে বসল) He sat beside her all night. (সে সারারাত তার পাশে বসেছিল)
Do you play any other sports besides cricket? (ক্রিকেট ছাড়া আর কোনো খেলা খেলো কি?)
Did you talk to anyone else besides Sumon. (তুমি কি সুমন ছাড়া আর কারো সাথে কথা বলেছিল?)

169. **We need two hundred dollars — this to pay for everything.** (সবকিছুর মূল্য পরিশোধ করার জন্য এই পরিমাণ ডলার ছাড়াও আমাদের আরও দুইশত ডলার দরকার) [24th BCS, সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭]
a) as well **b)** also **c)** beside **d)** besides Ans:d

170. **— many lands, he has a big business.** [রাকাব (কোষাধ্যক্ষ)-১৫, নির্বাচন কমিশন সচিবালয়ে স্টোর কিপার-১৯]
a) Besides **b)** Along **c)** In addition **d)** Further more Ans:a

171. **Rita sat on the corner of the table – the door.** [পল্লী শিক্ষা অফিসার-০৪]
a) of **b)** to **c)** near **d)** beside Ans:d

172. **Farin was standing – the table.** (ফারিন টেবিলের পাশে দাঁড়িয়ে ছিল) [RU (লাইব্রেরি সায়েন্স) 08-09]
a) in **b)** next **c)** beside **d)** under Ans:c

173. **The bank is – the restaurant.** (ব্যাংকটি রেস্টুরেন্টের পাশে) [DU (অধিভুক্ত ৭ কলেজ, বাণিজ্য) 18-19]
The sea is – the hotel. (সমুদ্রটি হোটেলের পাশে) [RU (B) 18-19]
a) besides **b)** nearby **c)** beside **d)** close Ans:c

174. **— giving me books, he prepared notes for me.** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা-০৬]
— being fined, he was sentenced to a term of imprisonment. [KU (L) 16-17]
a) Along with **b)** Besides **c)** Beside **d)** Not only Ans:b

175. **We sat — the teacher.** (আমরা শিক্ষকের পাশে বসলাম) [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার অফিসার-১৭]
a) besides **b)** beside **c)** to **d)** for Ans:b

176. **To lead a well balanced life, you need to have other interests – studying.**
(সুসামঞ্জস্যপূর্ণ জীবনযাপন করতে পড়াশুনার ছাড়াও তোমার অন্যান্য বিষয়ে আগ্রহ থাকা দরকার) [BRUR A 14-15]
a) beside **b)** with **c)** along **d)** besides [JU IBA 11-12] Ans:d

Against

Rule 1 : বিরুদ্ধে, প্রতিকূলে অর্থে against ব্যবহৃত হয়। I've decided to take legal action against him. She was forced to marry against her will. We were rowing against the current. (স্রোতের প্রতিকূলে)

Rule 2 : কোনো কিছুর সাথে বা স্পর্শ করে বা আঁকড়ে ধরা অর্থে against ব্যবহৃত হয়।
Push the bed against the wall. Stand the paintings **against** the wall.

177. **We should take vaccine – all spreadable diseases.** [এক্সিম ব্যাংক লি. (সহকারী ট্রেইনি অফিসার)-১৮]
a) by **b)** about **c)** for **d)** against Ans:d

178. **Please lean the ladder — the wall.** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৭]
She sat leaning – the wall. (সে দেয়ালের সাথে হেলান দিয়ে বসে পড়লো) [IU (C) 14-15]
She is leaning – a tree. [BRUR F 13-14]/ **He is leaning – the wall.** [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]
a) with **b)** on **c)** against **d)** by Ans:c

179. **He is swimming – the current** (স্রোত). [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী-১৬, CU A 19-20]
They were sailing – the wind. (তারা বাতাসের প্রতিকূলে পাল তুলে জাহাজ চালাচ্ছিল) [IU (C) 14-15]
a) at **b)** with **c)** against **d)** on Ans:c

180. **The client lodged a compliant — the cashier.** [প্রাথমিক সহকারী শিক্ষক-১২]
The charge of murder was brought – him. [JnU (B) 10-11, IU (A) 14-15]
a) against **b)** for **c)** with **d)** by Ans.a

181. **Because of discrimination – women, she was required to work as a nurse rather than a doctor.** [DU (A) 14-15]
a) for **b)** of **c)** against **d)** with Ans:c

About: সম্পর্কে, সম্বন্ধে অর্থে about (=as to) ব্যবহৃত হয়। Tell me all about it. এ সম্পর্কে আমাকে সবকিছু বলো।
আবার, প্রায় ঘটে অর্থে infinitive এর পূর্বে about ব্যবহৃত হয়। He is about to die. (তার মরা মরা অবস্থা)

182. **He is very interested in birds. He is writing a book – them.** [JnU (C) 05-06]
a) for **b)** about **c)** to **d)** around Ans:b

183. **I know nothing -- the matter.** (আমি বিষয়টি সম্পর্কে কিছুই জানি না) [সমাজসেবা কার্যালয়ে পারসোনাল অফিসার-০৪,
a) of **b)** off **c)** about **d)** beside [KU (E) 10-11] Ans:c

184. **The train is to leave the station.** (ট্রেন ছাড়ে ছাড়ে/ ছেড়ে দিল বলতে) [IFIC Bank-13]
a) over **b)** from **c)** about **d)** under Ans:c

With: সাথে, কাছে, সত্ত্বেও, কোনো কিছু দ্বারা/দিয়ে ইত্যাদি অর্থে **with** ব্যবহৃত হয়।

She lives with her parents. সে তার পিতামাতার সাথে থাকে। C'ut it with a knife. এটাকে ছুরি দিয়ে কাটো।
Leave it with me. এটা আমার কাছে রাখ। He kept the book with me. সে আমার কাছে বইটি রেখেছে।
I learn/read English with him. আমি তার কাছে ইংরেজি শিখি/পড়ি।
He is not popular with the young voter. সে তরুণ ভোটারদের কাছে জনপ্রিয় নয়।
With all his riches, he is unhappy. তার সব সম্পদ থাকা সত্ত্বেও সে অসুখী।

185. **Why can't you go - - your father?** [সাধারণ বীমা কর্পোরেশন জুনিয়র অফিসার-১৯]
a) along, to **b)** along, with **c)** on, to **d)** off, to Ans:b

186. **I asked Razia to come to the cinema – me.** [বেসিক ব্যাংক-০৯, সহকারী পরিসংখ্যানবিদ-১৪]
a) to **b)** by **c)** in **d)** with Ans:d

187. **He is reading – me.** (সে আমার কাছে পড়তেছে) [NU (বিজ্ঞান) 14-15]
a) on **b)** with **c)** down **d)** along Ans:b

188. **Choose the right sentence.** (আমি তার কাছে বইটা রাখলাম) [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO)-১৫]
a) I left the book to him **b)** I left the book with him
c) I left the book by him **d)** I left the book near him Ans:b

For: জন্য, পক্ষে/কারো হয়ে, বিনিময়ে, পরিবর্তে, বিবেচনায়/তুলনায়, উপলক্ষে, সত্ত্বেও, ইত্যাদি অর্থে **for** ব্যবহৃত হয়।

It's a book for children. (বইটি বাচ্চাদের জন্য) He is very mature for his age. (তার বয়সের তুলনায় সে খুব পরিপক্ব।) **Are you** for or against the proposal? (তুমি প্রস্তাবটির পক্ষে না বিপক্ষে?) **For all his faults, I still like him.** তার সব দোষ সত্ত্বেও আমি তাকে পছন্দ করি। What did you buy **him for Christmas?** (উপলক্ষে)

189. **The matter is too serious — him to handle.** (বিষয়টি এত গুরুতর যে তার পক্ষে সামলানো সম্ভব নয়)
a) to **b)** for **c)** with **d)** against [RU B 15-16] Ans:b

190. **He sent me a cheque — TK 500.** [COU (B) 15-16]
a) of **b)** for **c)** on **d)** with Ans:b

বিনিময় অর্থে for ব্যবহৃত হয়। চেক বিনিময় করলে সমপরিমাণ অর্থ পাওয়া যায় তাই এখানে বিনিময় অর্থে for হবে।
অনুরূপ: Give me change for TK 500. আমাকে ৫০০ টাকার ভাংতি দিন।

191. **I shall vote for you. Here 'for' is used as -** [IU (C) 15-16]
The agent is acting for ALICO. Here 'for' is used as - [IU (C) 14-15]
a) In spite of **b)** By dint of **c)** In favour of **d)** In lieu of Ans:c

192. **'I want a pen for a writing pad.' Here 'for' is used as -** [IU (C) 14-15]
a) In favour of **b)** In lieu of **c)** In spite of **d)** Due to Ans:b

193. **What a waste of money! What did you buy that — ?** (টাকার কি অপচয়। তুমি কি জন্য এটা কিনলে?)
a) for **b)** to **c)** at **d)** about [IU B 11-12] Ans.a

194. **– all his wealth, he is unhappy.** [সহকারী আবহাওয়াবিদ-৯৫, IU (D) 13-14]
a) For **b)** At **c)** of **d)** on Ans.a

195. **For all his wealth, he is unhappy. Here 'for' is used as–** [IU (গ) 12-13]
a) In favour of **b)** In spite of **c)** During **d)** On account of Ans.b

সত্ত্বেও (In spite of/Despite) অর্থে For ব্যবহৃত হয়। বাক্যের অর্থ: তার সব সম্পদ থাকা সত্ত্বেও সে অসুখী।

Like: মতো, অনুরূপ অর্থে **like** ব্যবহৃত হয়। What is he like? (সে দেখতে কেমন?) He looks like his father. (সে দেখতে তার বাবার মত) আবার, কিছু করতে চাওয়া বা ইচ্ছে করা বুঝাতে **feel like (sth/doing sth)** ব্যবহৃত হয়। I feel like (going for) a swim. I feel like slapping your face. (তোমার গালে থাপড় মারতে ইচ্ছে করছে।)

196. **You may go for a walk if you feel – it.** (তুমি চাইলে হাঁটতে/বেড়াতে যেতে পার) [40th BCS]
a) about **b)** on **c)** like **d)** for Ans:c

197. **The family doesn't feel — going out this season.** [37th BCS, পল্লী সঞ্চয় ব্যাংক (ক্যাশ অফিসার)-১৮]
a) in **b)** on **c)** like **d)** of Ans:c

198. **Do you feel – taking a walk?** (তোমার কি হাঁটতে ইচ্ছে করছে?) [জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা-০৬]
a) upto **b)** about **c)** like **d)** for [JSTU A 13-14] Ans:c

Until/till: কোনো সময়কাল পর্যন্ত/অবধি বুঝাতে **until/till** ব্যবহৃত হয়। এক্ষেত্রে **until/till** এর বিপরীত অর্থে **by** বসে। **e.g.** I will be away until Friday. I will be back **by** Friday. (আমি শুক্রবারের মধ্যে ফিরে আসব)
I will be working until 10 o'clock. I will have finished my work by 10 o'clock.

199. **Manar will be away — Monday.** (সোমবার পর্যন্ত মানার বাইরে থাকবে) [JU (E) 15-16]
a) by **b)** till **c)** to **d)** during Ans:b

200. **He slept —— eight O'clock.** (সে আটটা পর্যন্ত ঘুমাল) [NSI এর অফিস অ্যাসিসটেন্ট-১৭]
a) till **b)** from **c)** for **d)** since Ans:a

Before: কোনো কিছুর আগে (earlier), সামনে (in front of) বুঝাতে **before** ব্যবহৃত হয়।
He arrived before me. (সে আমার আগে পৌছল) He stood before me. (সে আমার সামনে দাঁড়াল)

201. **The lecture will be held right – the tutorial.** [NATP এর ফিল্ড অ্যাসিসটেন্ট-১৯]
a) at **b)** before **c)** over **d)** beyond Ans:b

202. **Please leave your keys at reception – departure.** [RU (D) 18-19]
a) during **b)** before **c)** for **d)** by Ans:b

During: কোনো সময় চলাকালীন, শুরু থেকে শেষ এর মধ্যবর্তী কাল বুঝাতে **during** ব্যবহৃত হয়।
They work during the night. Please remain seated during the performance. during the 1990s

203. **He was caught by the teacher for cheating – the exam.** [IFIC Bank (TAO)-19]
a) during **b)** after **c)** near **d)** outside Ans:a

204. **– the summer, we went to the beach once a week.** [KU (A) 08-09]
a) at **b)** in **c)** on **d)** During Ans:d

205. **I fell asleep — the film.** (ফিল্মটি চলাকালীন সময়ে আমি ঘুমিয়ে পড়েছিলাম) [COU (B) 15-16]
a) in **b)** during **c)** for **d)** while Ans:b

206. **All – a sudden, one day the police showed up and caught them – the act and arrested them.** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা, ২য় শ্রেণি)-১৫]
a) of, in **b)** on, in **c)** in, during **d)** of, during Ans:d

Prepositions with addresses : in (UK), on (US), at

Address (ঠিকানা) বুঝাতে কোনো Avenue/Road/Street এর নামের পূর্বে in (UK)/on (US) বসে।
তবে নির্দিষ্ট ঠিকানা বা বাড়ি নম্বর (সংখ্যা) থাকলে করলে Avenue/Road/Street এর নামের পূর্বে at বসে।
He lives — (কোনো নাম) Road/Street/Avenue. [**in** (UK)/ **on** (US)] He lives in/on Bailey Road.
He lives **at** (কোনো সংখ্যা), (কোনো নাম) Road/Street/Avenue. He lives at 45 Bailey Road.
Are you still **at** the same address? (এখনো কি একই/আগের ঠিকানায় আছেন?)

207. **He lives – Mirpur Road in Dhaka.** [পিটিআই এর শিক্ষক-১৯]
a) on **b)** at **c)** into **d)** from Ans:a

208. **My best friend lives — the Chittaranjan Road.** [সোনালী ব্যাংক (অফিসার)-১৮]
a) in **b)** at **c)** by **d)** on (Website অনুসারে) Ans:d

209. **To complete the sentence "Mr. Smith lives – 75, Ranking Street, Dhaka." we have to use -.** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-১৮]
a) in **b)** at **c)** on **d)** by Ans:b

Special use of Direction

435. **Your plan looks good; it's time to carry it out. What does 'carry out' mean here?**
(তোমার পরিকল্পনা ভালো মনে হচ্ছে। এটা বাস্তবায়নের এখনই সময়) [KU (L) 16-17]
a) Apply **b)** Design **c)** Implement **d)** Instrument Ans:c

436. **Please, get – the train when it arrives at the station.** [KU (BBA) 16-17]
a) in **b)** off **c)** to **d)** by Ans:b

437. **The storm blew – many trees during Sidr.** [KU (জীববিজ্ঞান ভূল) 16-17, IU (B) 16-17]
a) down **b)** up **c)** out **d)** off Ans:a

438. **He 'pored over' the questions until he couldn't keep his eyes open anymore.**
a) asked **b)** examined **c)** memorized **d)** ignored [BSMRSTU F 17-18] Ans:b

439. **The traffic was moving slowly because a bus had – and was blocking the road.**
a) broken down **b)** fallen down **c)** fallen over **d)** broken up [IU (G) 17-18] Ans:a

440. **We put together the bookcase by following the instructions in the manual.**
a) assemble **b)** recreate **c)** dissert **d)** upgrade Ans:a

441. **The union threatened a strike but called it off at the last minute.**
a) showcased **b)** informed **c)** cancelled **d)** rescheduled Ans:c

442. **The sales representative were asked to go over the figures in their reports before the conference.** [JnU (A) 10-11]
a) relate **b)** revise **c)** review **d)** calculate Ans:b

443. **Try to hold – from bad companions.** (খারাপ সঙ্গী থেকে দূরে থাক) [BSMRSTU (F) 16-17]
a) on **b)** back **c)** over **d)** off Ans:d

444. **Bad luck! She was — a car.** (দুর্ভাগ্য! সে গাড়ি চাপা পড়ল) [JU (H) 16-17]
a) run into **b)** run after **c)** run over **d)** run in Ans:c

445. **You need to — your essay for spell-check before you hand in your exam paper.**
(তোমার পরীক্ষার খাতা জমা দেয়ার পূর্বে তোমার প্রবন্ধের বানান যাচাই করা দরকার) [JUST (D) 14-15, CU (E) 16-17]
a) hang out **b)** point out **c)** cut off **d)** go over **e)** give away Ans:d

go over = examine/check carefully or minutely, সর্তকতার সাথে পরীক্ষা করা বা যাচাই করা।

446. **He came — a good family.** (একটি ভালো পরিবারে তার জন্ম হয়েছিল) [Medical 17-18]
a) to **b)** out **c)** of **d)** from Ans:c

447. **I can think of no reason why he turned – my offer.** [DU (D) 96-97]
a) down **b)** over **c)** out **d)** after Ans:a

448. **Famine breaks — no more in Japan.** (জাপানে আর দুর্ভিক্ষ হয় না) [JU (A) 16-17]
a) down **b)** out **c)** off **d)** up Ans:b

449. **Who set you on to do it?** (এটা করতে কে তোমাকে প্ররোচিত করেছিল?) [KU (L) 16-17]
a) insisted on you **b)** instigated you **c)** intrigued yo **d)** requested you Ans:b

450. **Before leaving the room, —— the lights and fans.** [COU (C) 16-17]
a) put on **b)** cut out **c)** switch off **d)** put from Ans:c

451. **My grandfather cannot remember the name of my friend.** [BSMRSTU (D) 16-17]
a) call on **b)** call over **c)** call in **d)** call up Ans:d

452. **The sign reads '— your shoes'** [CU (B2-8) 15-16]
a) open **b)** open up **c)** leave out **d)** take off Ans:d

453. **The rich should not look down — the underprivileged.** [CU (G) 16-17]
a) upon **b)** on **c)** at **d)** for Ans:b

454. **Let's go to the movie when you get – studying.** [CU (D1 & D2) 16-17]
a) out **b)** through **c)** from **d)** up Ans:b

455. **Don't quarrel with your neighbour. Here 'quarrel' means-** [BSMRSTU (E) 16-17]
a) call off **b)** get over **c)** talk over **d)** fall out Ans:d

456. **When the book —, I was very anxious to know about the sales.** [CU (B2-B8) 16-17]
a) dropped out **b)** cleared out **c)** came out **d)** broke out Ans:c

457. **It took quite a while to — all our luggage.** [CU (B2-B8) 16-17, (B) 17-18, (D) 18-19]
a) fall out **b)** keep out **c)** bear out **d)** sort out (আলাদা করা) Ans:d

458. **You can't predict everything.Often things don't – as you expect.** [JnU A 15-16, B 17-18]
a) make out **b)** get out **c)** work out **d)** break out Ans:c

459. **Meaning of 'take-off' is-** [RU (E, জোড়) 16-17]
a) fly **b)** start out **c)** leave quickly **d)** all of them Ans:a

460. **I would start —— a dramatic cry.** (আমি নাটকীয় কান্না দিয়ে শুরু করব) [RU (K) 17-18]
a) with **b)** by **c)** up with **d)** through Ans:c

461. **'Please — the instructions carefully.'** Fill in the gap with appropriate phrase. [BU (ক) 15-16]
a) watch out **b)** look up **c)** let down **d)** go over Ans:a/d

462. **Life is made up — sobs, sniffs and smiles.** [JU (HT) 14-15]
a) in **b)** of **c)** to **d)** about Ans:b

IDENTIFICATION OF TENSE

Tense শব্দটি ল্যাটিন শব্দ *Tempus* (**Time**) থেকে এসেছে। Tense শব্দের বাংলা অর্থ কাল। সঠিকভাবে ইংরেজি শেখার প্রধান শর্ত হচ্ছে Tense শেখা। তাই Tense কে বলা হয় ইংরেজি ভাষার প্রাণ (**Soul of the English Language**)। ক্রিয়া সম্পন্ন হওয়ার কাল বা সময়কে Tense বলে। Time পরিবর্তনের সাথে verb এর বিভিন্ন রূপে রূপান্তর হচ্ছে Tense।

[Tense সম্পর্কে ভালোভাবে বিস্তারিত জানতে পড়ুন MASTER MINI-BOOK এর Time and Tense অংশে]

চাকরি ও ভর্তি পরীক্ষায় আসা Tense & verb সংক্রান্ত প্রশ্নগুলোর বিস্তারিত আলোচনা Right form of verb অংশের প্রথমে দেয়া আছে

1. **Tense means —** [JUST (E, বর্ণিজ্য) 15-16]
   a) Action **b)** Speed **c)** Time **d)** Verb **e)** Adverb Ans:c

2. **The tense of a verb is mainly related to:** [স্বরচিত নমুনাপত্রের সুপারিনটেনডেন্ট-১৯]
   The tense of a verb is related to: [বাকৃশিবো কাজ অভিজ্ঞতা-০২, RU (সমাজবিজ্ঞান) 07-08, (ভূগোল) 09-10, IU C 09-10, কর্মসংস্থান ব্যাংক (টেস্ট এক্সাম প্রসপেক্টর)-১১, JU (D, D3) 13-14]
   a) time **b)** person **c)** place **d)** degree Ans:a

PRESENT INDEFINITE TENSE

Structure: Subject + মূল verb এর present form + বাকী অংশ (যদি থাকে)

Example: He reads a book. He watches TV every night.

N.B. Subject Third person এবং Singular Number হলে verb এর শেষে 's' বা 'es' যোগ হয়। যে সকল verb এর শেষে ss, sh, ch, x এবং o থাকে তাদের শেষে es যোগ করতে হয়।

Use: প্রাকৃতিক চিরন্তন সত্য (universal truth), ঐতিহাসিক সত্য (historical truth), অভ্যাসগত কর্ম (habitual fact), [illegible] বা লেখকের উক্তি (Quotation) এর ক্ষেত্রে সর্বদাই Present indefinite tense ব্যবহৃত হয়।

[illegible]uickly. (দেখতে দেখতে সময় চলে যায়). He wears a beard/long hair. (সে দাড়ি/লম্বা চুল রাখে)

3. **The 'Present Indefinite Tense' denotes — .** [IU (C) 14-15]
   a) An action in the present time, habitual or eternal
   b) An action is continued for a time in present
   c) An action has already been finished at present **d)** None of them Ans:a

4. **Habitual fact is expressed only in-** [স্বরচিত নমুনাপত্রের অধীনে করা তত্ত্বাবধায়ক-০২, RU 08-09]
   a) present perfect tense. **b)** present indefinite tense
   c) past perfect tense **d)** past indefinite tense Ans:b

5. **Which of the following is an example of active and present indefinite tense?**
   a) He is writing a letter **b)** I have invited them [Dental 09-10]
   c) He has done the work. **d)** Floods destroy crops Ans:d

6. **Find out the tense of the following sentence: Let it be done.** [RU (ভূগোল) 06-07]
   a) Present indefinite **b)** Past indefinite **c)** Present perfect **d)** Past perfect Ans:a

Imperative sentence (Active অথবা Passive) present indefinite tense হয়ে থাকে।
Please do not let me down (=Do not disappoint me). দয়া করে আমাকে হতাশ করো না। (আশা ছিল--)

PRESENT CONTINUOUS/PROGRESSIVE TENSE

Structure: Subject + [illegible]are + মূল verb এর শেষে ing + বাকী অংশ (যদি থাকে) [বর্তমানে চলছে এমন কাজ]

Example: I am telling you for your own good. (আমি তোমাকে) তোমার নিজের ভালোর জন্যই বলছি।

N.B. Be verb এর পরে present participle (verb+ing) বসে তা যদি complement এর কাজ করে অর্থাৎ subject কে নির্দেশ করে বা এর পরিপূরক হয় তাহলে sentence টি Present indefinite tense হয়।

e.g. It is interesting. It is embarrassing to be caught telling a lie. (মিথ্যা বলে ধরা পড়া বিব্রতকর)

Use: (i) প্রধানত বর্তমান সময়ে চলছে এমন কাজের ক্ষেত্রে Present continuous tense ব্যবহৃত হয়।

He is humming a song. সে গুনগুন করে গান গাইছে। I am suffocating. আমার দম বন্ধ হয়ে আসছে।

My hair is falling off./I am losing hair. আমার চুল উঠে যাচ্ছে। He is growing a beard. সে দাড়ি রাখতেছে।

(ii) খুব নিকট ভবিষ্যতে ঘটতে যাচ্ছে এমন কাজ নির্দেশ করতে verb এর present continuous tense ব্যবহৃত হয়।

এক্ষেত্রে ভবিষ্যৎ সময়কাল, যেমন: next (week/month/year), today, tonight, tomorrow etc উল্লেখ থাকে।

Runa is getting married next month. রুনা আগামী মাসে বিয়ে করতেছে (বিয়ে করবে)।

I am going to/leaving Dhaka tomorrow. আমি আগামীকাল ঢাকা যাচ্ছি/ছাড়ছি (ঢাকা যাবে/ঢাকা ছাড়বে)।

7. **The example of present progressive is —** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার-১৬]
   a) Walking is a good exercise **b)** He was reading a book
   c) You have had your meal **d)** They are gossiping Ans:d

8. **Find out the tense of the sentence: It is interesting.** [RU (ভূগোল) 06-07, (F1) 12-13]
   a) Present indefinite **b)** Present continuous [HSTU (A) 14-15]
   c) Present perfect **d)** None of them Ans:a

9. **Which of the sentence the future, even the verb is not future tense?** [SUST 09-10]
   a) Maria is banana. **b)** John is flying for Germany next week.
   c) He is probably watching TV. **d)** She has gone for some shopping. Ans:b

10. **Which one is present continuous tense?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা-১২]
    a) I read **b)** I am reading **c)** I have read **d)** I had read Ans:b

PRESENT PERFECT TENSE

Structure: Subject + have/has + মূল verb এর past participle + বাকী অংশ (যদি থাকে)

Example: You have saved my face/prestige. (তুমি আমার মুখ রক্ষা করেছ/সম্মান বাঁচিয়েছ।)

I have done badly in the exam. (আমি পরীক্ষায় খারাপ করেছি।) I have had my say. (যা বলার বলেছি।)

11. **Which one is present perfect tense?** [NBR এর সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]
    a) I am walking **b)** I have been walking
    c) I was walking **d)** I have walked Ans:d

12. **কোনটি present perfect tense এর উদাহরণ?** [প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা)-০৮, (৪র্থ পর্যায়)-১৬]
    a) I have had the news. **b)** I have the news
    c) I shall have the news **d)** I had the news Ans:a

13. **Which one is present perfect tense?** [সহকারী রাজস্ব কর্মকর্তা-১২, একটি বাড়ি একটি খামার প্রকল্পের মাঠকর্মী-১৮]
    a) I am reading **b)** I have read **c)** I read **d)** I have been reading Ans:b

14. **I have done my duty.** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাবরক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ-১১, একটি বাড়ি একটি খামার প্রকল্প-১৭]
    a) present indefinite **b)** present perfect **c)** past perfect Ans:b

15. **Change the following sentence into present perfect. I do the sum.** [সহকারী থানা/উপজেলা শিক্ষা অফিসার-১২]
    a) I have done the sum. **b)** I was doing the sum.
    c) The sum was done by me. **d)** I did the sum. Ans:a

16. **The tense of verb in the sentence 'She has broken the pot.' is :** [RU 04-05]
    a) Past indefinite **b)** Past continuous
    c) Present indefinite **d)** Present perfect Ans:d

PRESENT PERFECT CONTINUOUS TENSE

Structure: Subject + have been/has been + মূল verb-এর সাথে ing + বাকী অংশ (যদি থাকে)

Example: He has been working all morning. (সে সারা সকাল ধরে কাজ করছে)

N.B. Present Perfect Continuous Tense এর ক্ষেত্রে সময় উল্লেখ থাকলে ব্যাপক সময় (period of time) এর পূর্বে for এবং নির্দিষ্ট সময় (point of time) এর পূর্বে since বসে।

Example: It has been drizzling since morning. সকাল থেকে গুড়িগুড়ি/ঝিরিঝিরি (হালকা) বৃষ্টি হচ্ছে।

Use: প্রধানত দীর্ঘ সময়কাল বা নির্দিষ্ট সময়কাল ধরে চলছে এমন কাজের ক্ষেত্রে Present Perfect Continuous Tense ব্যবহৃত হয়। She has been fasting for a week. সে এক সপ্তাহ ধরে রোজা রাখছে/উপবাস করছে।

17. **'She has been reading the book since morning.' This is an example of-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট-১৯]
a) past perfect tense **b)** present continuous tense
c) present perfect tense **d)** present perfect continuous tense Ans:d

18. **'It has been raining hard all day.' This is an example of-** [বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (ট্রিক)-১৮]
a) present indefinite tense **b)** present perfect continuous tense
c) present continuous tense **d)** present perfect tense Ans:b

19. **'He has been studying in the same class for two years' Identify the tense:**
a) Present perfect tense **b)** Past perfect tense [রেলওয়ের উপসহকারী প্রকৌশলী-১৭]
c) Present perfect continuous tense **d)** Present continuous tense Ans:c

PAST INDEFINITE TENSE

Structure: **Subject + মূল verb-এর past form + বাকী অংশ (যদি থাকে) [অতীতে ঘটেছে কল বাঁকি নেই এমন কাজ]**

Example: I met him yesterday. (গতকাল তার সাথে আমার দেখা হয়েছিল) I got it/the point.(বুঝতে পেরেছি)

N.B. অনেক verb এর present এবং past form একই। এ জাতীয় verb এর ক্ষেত্রে অতীতকাল নির্দেশক Tense marker থাকে। যেমন: yesterday, ago, long ago, long since, last + সময়বাচক শব্দ, অথবা অতীতকাল নির্দেশক [illegible] শব্দ (১৯৭১) অথবা subject টি 3rd person singular হলেও verb এর সাথে s বা es যুক্ত থাকবে না। [illegible] BBC broadcast the news. I put the pen on the table yesterday. He read a fiction.

20. **'Past Indefinite Tense' means — .** [IU (C) 14-15]
a) To express an action just finished **b)** A single act in the past Ans:b
c) An action was being done in the past **d)** An action completed before another past action

21. **I read an interesting book few days ago. (Identify the tense)** [RU (ভূগোল) 06-07]
a) Present indefinite **b)** Present perfect
c) Past indefinite **d)** Past perfect Ans:c

Read এর present এবং past form একই কিন্তু sentence টিতে adverb হিসেবে ago বসেছে যা past indefinite tense কে নির্দেশ করে। সুতরাং sentence টি past indefinite tense এ আছে।

22. **Which sentence is in past indefinite tense?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (ব্যক্তিগত সহকারী)-১৯]
a) Tomal has played football. **b)** Salam had a house.
c) Boys were playing. **d)** It has rained. Ans:b

23. **Which of the following is in past indefinite tense?** [সোনালী ও জনতা ব্যাংক (সিনিয়র অফিসার)-১৮]
a) Raihan was sleeping. **b)** It was raining.
c) It has been raining. **d)** Shohail had car Ans:d

PAST CONTINUOUS PROGRESSIVE TENSE

Structure: **Subject + was বা were + মূল verb-এর present form এর সাথে ing + বাকী অংশ (যদি থাকে)**

Example: I was shivering all over with fear. আমি ভয়ে থর থর করে কাঁপছিলাম। **[অতীতে চলছিল/করা যচ্ছিল]**

24. **'The Past Continuous Tense' means — .** [IU (C) 14-15]
a) An action was being done in the past **b)** A single act in the past
c) Action has been going on for something **d)** An action just finished Ans:a

25. **I was reading a novel.** [পরিবার পরিকল্পনা সহকারী/ পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ১১]
a) past continuous **b)** present continuous
c) future continuous Ans:a

PAST PERFECT TENSE

Structure: Subject + had + মূল verb-এর past participle + বাকী অংশ (যদি থাকে)

Example: I had bought a computer. I had just cooked.

26. **The construction of past perfect follows -** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক ০৪]
a) I have spoken **b)** He has eaten **c)** I have gone **d)** He had spoken the truth Ans:d

27. **The patient had died before the doctor came. কোন tense এর উদাহরণ?** [ইসলামী ব্যাংক ০৬]
a) Past and present **b)** Present prefect
c) Past perfect **d)** Past perfect continuous Ans:c

28. **'The patient had died' Which form of tense does the sentence represent?** [RU 09-10]
a) Present perfect **b)** Past indefinite **c)** Past perfect **d)** Future perfect Ans:c

PAST PERFECT CONTINUOUS TENSE

Structure: Subject + had been + মূল verb-এর শেষে ing + বাকী অংশ (যদি থাকে)

Example: I had been looking for a girl before I got married.

29. **Past perfect Continuous form of 'I eat' is-** [IU (B) 12-13]
a) I have eaten **b)** I am eating **c)** I had been eating **d)** I shall be eating Ans:c

FUTURE INDEFINTE TENSE

Structure: Subject + shall/will + মূল verb এবং present form + বাকী অংশ (যদি থাকে)

Example: He will appear at (sit for/take) the SSC exam this year. সে এ বছর এসএসসি পরীক্ষা দিবে।

FUTURE CONTINUOUS TENSE

Structure: Subject + shall/will + be + verb+ing + বাকী অংশ (যদি থাকে)

Example: I will be sleeping at that time. আমি ঐ সময় ঘুমাতে/ঘুমিয়ে থাকবো।

30. **'I shall be eating** (আমি খেতে থাকিব)**' is an example of — tense.** [NSI-এর ফিল্ড অফিসার-১৭]
a) Future perfect **b)** Future continuous
c) Future indefinite **d)** None of these Ans:b

31. আমি বইটি পড়িতে থাকিব। বাক্যটির ইংরেজি হবে- [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী ইনকোর্সমেন্ট কো-অর্ডিনেটর-১৯]
a) I shall reading the book. **b)** I can be reading the book.
c) I shall be reading the book. **d)** I should reading the book. Ans:c

FUTURE PERFECT TENSE

Structure: Subject + shall have/will have + মূল verb এর Past Participle form +বাকী অংশ (যদি থাকে)

Example: He will have reached home by this time. সে এতক্ষণে বাড়ি পৌছে থাকবে।

32. **He will have gone home. Choose the correct form of tense.** [IU (B) 08-09]
a) future perfect tense **b)** future indefinite
c) future continuous **d)** future perfect continuous Ans:a

FUTURE PERFECT CONTINUOUS TENSE

Structure: Subject + shall have been/will have been + verb+ ing + বাকী অংশ (যদি থাকে)

Example: I shall have been watching the movie. **[এই tense টির বাস্তবিক ব্যবহার নাই]**

33. **Choose the Future Perfect Continuous tense of the verb 'Do'** (Third person, plural number)
a) They will have been doing. **b)** They will be doing. [RU 06-07]
c) They will have done. **d)** They will have to be doing. Ans:a

YOUR TURN

34. **The verb in the sentence 'I have already had my breakfast' is in-** [BRUR (BBA) 08-09]
a) Present Indefinite Tense **b)** Present Perfect Tense
c) Past Perfect Tense **d)** Wrong form
Ans:b

35. **The sentence, 'I have been doing' is -** [CU (H) 07-08]
a) Present Indefinite **b)** Present Continuous
c) Present Perfect **d)** Present Perfect Continuous
Ans:d

36. **Could you please help me? Here 'could' is used as –** [জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা-০৯]
'Would you mind having a cup of tea' is a sentence in- [RU 09-10, 10-11]
a) Present tense **b)** Present continuous tense
c) past tense **d)** past continuous tense
Ans:c

বিনয়, ভদ্রতা বা অনুমোদন প্রকাশ করতে present/Future Tense এর পরিবর্তে past tense ব্যবহৃত হয়।
Would (will এর past form) you lend me some money, Please?
Could (can এর past form) you tell me the time, Please?

Active and Passive Voice

Rule: Active voice কে নিম্নোক্ত নিয়মে passive voice এ পরিবর্তিত করা হয়।

❶ Active voice এর object টি passive voice এর subject হয়। Active voice এর object টি personal pronoun হলে passive voice এ তার subjective form ব্যবহার করতে হয়।
যেমন: me থাকলে I, him থাকলে He, her থাকলে She, them থাকলে They, us থাকলে We ইত্যাদি

❷ Active voice এর tense এবং object (passive এর subject ও নিয়ম) অনুসারে auxiliary verb বসে।

❸ মূল verb এর past participle/V_3 হয় এবং তার পরে সাধারণত by বসে। তবে, appropriate prepositions অনুসারে V_3 এর পরে to, with, at, in, about ইত্যাদি prepositionও বসতে পারে।

❹ Active voice এর subject টি passive voice এর object হয় এবং Active voice এর subject টি personal pronoun হলে passive voice এ by/to/with/at/in/about ইত্যাদি এর পরে objective form ব্যবহার করতে হয়। যেমন: I থাকলে me, He থাকলে him, She থাকলে her, They থাকলে them, We থাকলে us ইত্যাদি। কারণ, preposition এর পরে সর্বদাই personal pronoun এর objective form বসে।

Active: He likes me. **Passive :** I am liked by him.

1. **Select the active structure:** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৯]
a) The tree has been uprooted. **b)** The door should be kept closed.
c) I have lost my watch. **d)** My suggestion was not accepted.
Ans:c

2. **'Tea is liked by common people.' This is an example of-** [টেক্সাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইনস্ট্রাক্টর-১৮]
a) active voice **b)** passive voice
c) quasi-passive voice **d)** double passive voice
Ans:b

3. **'The work is done by Medha'- This is an example of-** [সিনিয়র স্টাফ নার্স-১৬]
a) active voice **b)** passive voice
c) quasi-passive voice **d)** not any voice which are mentioned
Ans:b

4. **'Rice sells cheap' is-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার এবং সহকারী পরিচালক-১৬]
a) Passive voice **b)** Active voice **c)** Both **d)** None
Ans:b

5. **The sentence "This school was built in 1971" is-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫]
a) past tense **b)** past indefinite **c)** passive **d)** past perfect
Ans:c

N.B. Active voice এর object কে passive voice এর subject হিসেবে ব্যবহার করার সময় খুব সতর্ক হতে হয়। কারণ, অনেক object দেখতে singular হলেও আসলে plural হিসেবে ব্যবহৃত হয়। যেমন: the + adjective (the brave, the rich, the poor, the old, the lazy), mice (mouse এর plural), adjective + people (idle people, common people), the police ইত্যাদি।

Active : We don't like idle people. **Passive:** Idle people are not liked by us.	**Active** : Fortune favours the brave. **Passive:** The brave are favoured by fortune.
Active : Cats kill mice. **Passive:** Mice are killed by cats.	**Active:** We informed the police of the matter **Passive:** The police were informed of the matter.

Rule: সাহায্যকারী Verb বিহীন Active voice কে Passive voice এ রূপান্তর। [V_3 = past participle]

Active : Subject (Agent-কাজ সম্পাদনকারী) + verb + Object.

এক্ষেত্রে verb এর পূর্বে do/does/did + not অথবা, পরে e/es/ed অথবা অনিয়মিত V_2 থাকে।

Passive : Object টি Subject হয় + (am/is/are/was/were) + V_3 + by + Subject টি Object হয়।

N.B. Active voice টি Present tense হলে am/is/are এবং Past tense হলে was/were বসে।

6. **'All his pupils like him.' বাক্যটির সঠিক passive form হচ্ছে:**
[RU 07-08, প্রাথমিক সহকারী শিক্ষক (পদ্মা)-১৩, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা)-১৪, নির্বাচন কমিশন সচিবালয়ে স্টোর কিপার-১৯]
a) He is liked by all his pupils. **b)** He was liked by all his pupils.
c) He is like by all his pupils. **d)** He is being liked by all his pupils. Ans:a

7. **'We read novels' – passive form voice :** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা-১৮]
a) Novels is read by us. **b)** Novels are read by us.
c) Novels is read by we. **d)** Novels are being read by us. Ans:b

8. **A race was run by him.** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে অফিস সহায়ক-১৯]
a) He run a race **b)** He ran a race
c) He is to run a race **d)** He runs a race Ans:b

9. **A song was sung by Rupa. (Change the voice)** [RU 08-09, BSMRUST (A) 14-15]
a) Rupa was sung a song. **b)** Rupa sings a song. sing –sang - sung
c) Rupa sang a song. **d)** Rupa sung a song. Ans:c

10. **Choose the correct passive voice of 'BBC broadcast the breaking news."**
a) The breaking news is broadcasted by BBC. [CU (D3) 15-16]
b) The breaking news were broadcasted by BBC. [প্রাথমিক সহকারী শিক্ষক-৯৮]
c) The breaking news was broadcast by BBC.
d) The breaking news are broadcasted by BBC. Ans:c

প্রথমত, প্রশ্নে প্রদত্ত sentence টি past indefinite tense এ আছে এবং news সর্বদাই singular হিসেবে ব্যবহৃত হয় বিধায় এর পরে auxiliary verb হিসেবে was বসবে। দ্বিতীয়ত, broadcast এর Vpp/V_3 হচ্ছে broadcast

11. **The best passive form of the sentence: "We don't like idle people."** [17th BCS, পেট্রোবাংলার ম্যানেজার-১১, RU (F1) 11-12, Medical 14-15, BSMRSTU (E) 16-17, MBSTU (C) 16-17, CU (A) 18-19]
a) We are not liked by idle people. **b)** Idle people are not like us.
c) Idle people are not liked by us. **d)** Idle people are not of our liking. Ans:c

12. **Identify the correct passive form of 'Fortune favours the brave.'** [SUST (B) 08-09, KU (BBA) 11-12, প্রাক প্রাথমিক সহকারী শিক্ষক (কোড-ভলগা)-১৩, IU (H) 13-14, সহকারী জজ-১৮, BSMRSTU E 19-20]
a) The brave is favoured by fortune. **b)** The brave was favoured by fortune.
c) The brave were favoured by fortune. **d)** The brave are favoured by fortune. Ans:d

13. **'I don't like puffed rice.' The passive voice of the sentence is:** [RU (A, জোড়) 14-15]
a) Puffed rice not liked by me **b)** Puffed rice did not liked by me
c) Puffed rice was not liked by me **d)** Puffed rice is not liked by me Ans:d

14. **What is the correct passive form of the sentence 'Shirley paid the bill'?** [মাধ্যমিক সহকারী শিক্ষক-০৬]
a) The bill was paid by Shirley **b)** The bill paid by Shirley
c) The bill is being paid by Shirley **d)** The bill has been paid by Shirley Ans:a

15. **Cats kill mice. Make it passive voice.** [সহকারী প্রকৌশলী (এলজিইডি)-০৫]
a) Mice is killed by cats. **b)** Mice are killed by cats.
c) Mice have been killed by cats. **d)** Mice are being killed by cats. Ans:b

Rule: Am/is/are/was/were +V_1+ing + Object যুক্ত Active কে Passive এ রূপান্তর।
Active : Subject + am/is/are/was/were + V_1+ing + Object.
Passive : Object টি Subject হয় +am/is/are/was/were + being + V_3 + by + Subject টি Object হয়
N.B. Active voice টি Present continuous হলে am/is/are এবং Past continuous হলে was/were বসে।

16. **Change into passive: 'The city planner is making all the arrangements.'** [রূপালী ব্যাংক (অফিসার)-১৬]
a) The all arrangements have been made by the city planner.
b) All arrangements are making by the city planner.
c) The all arrangements had been making by the city planner.
d) All the arrangements are being made by the city planner. Ans:d

17. **Mukti is writing a letter. Make it passive voice.** [উপজেলা শিক্ষা অফিসার-০৪, MBSTU (D) 14-15]
a) A letter is being written by Mukti. **b)** A letter has been written by Mukti.
c) A letter was written by Mukti. **d)** A letter has written by Mukti. Ans:a

18. **Choose the active form of the sentence –**
The cheques are being signed by the manager. [JnU (D) 13-14]
a) The manager is signing the cheques. **b)** The manager signed the cheques. Ans:a
c) The manager was signing the cheques. **d)** The manager has been signing the cheques.

19. **The passive form of 'They were flying kites.** [RU (E, বিজোড়) 13-14]
a) Kites were flown by them. **b)** Kites were being flown by them.
c) Kites were being flowing by them. **d)** Kites was being flown by them. Ans:b

Rule: Have/Has/had + V_3 যুক্ত Active voice কে Passive voice এ রূপান্তর।
Active : Subject + have/has/had + V_3 + Object.
Passive : Object টি Subject হয় + have/has/had +been +V_3 + by + Subject টি Object হয়
N.B. Active voice টি Present perfect হলে have/has এবং Past perfect হলে had বসে।

20. **'I had written the letter.' বাক্যটির Passive form হবে** [প্রাথমিক সহকারী শিক্ষক-১২]
a) The letter was written by me. **b)** The letter had been written by me.
c) The letter was being written by me. **d)** The letter was wrote by me. Ans:b

21. **Chapal has made tea. Make it passive voice.** [উপজেলা শিক্ষা অফিসার-০৪]
a) Tea is being made by Chapal. **b)** Tea has been made by Chapal.
c) Tea was being made by Chapal. **d)** Tea have been made by Chapal. Ans:b

22. **A storm has uprooted the tree. (Select the passive form)** [থানা সহকারী শিক্ষা অফিসার-০৪]
a) The tree has been uprooted by a storm. **b)** The tree is uprooted by a storm.
c) The tree has been uprooted for a storm. **d)** The tree has uprooted himself. Ans:a

23. **Change the voice: "He has pulled down the curtain."** [সহকারী শিক্ষক ০৭]

a) The curtain had been pulled down by him. **b)** The curtain has down by him.

c) The curtain has been pulled down by him. **d)** The curtain pulled down him. Ans:c

Rule: Have/has/had + been + V_1+ing + Object যুক্ত Active voice কে Passive voice এ রূপান্তর।

Active : Subject + have/has/had + been + V_1+ing +Object.

Passive : Object টি Subject হয় + have/has/had +been being +V_3 + by + Subject টি Object হয়

24. **I had been doing the work for five days. Change the voice.** [RU (F, অবাণিজ্য) 15-16]

a) I had been done the work for five days

b) The work had been done by me for five days

c) The work had been being done by me for five days

d) The work had been doing by me for five days Ans:c

Rule: Shall /will +V_1 (base form) যুক্ত Active voice কে Passive voice এ রূপান্তর।

Active : Sub+ shall/ will + V_1 + Object.

Passive : Object টি Subject হয় + shall/ will + be + V_3 + by + Subject টি Object হয়

25. **'I shall do the work.' বাক্যটির Passive form হবে** [প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা)-১০]

a) I shall be doing the work. **b)** The work may be done by me.

c) The work will be done by me. **d)** The work would be done by me. Ans:c

26. **'You will be helped by me.' বাক্যটির Active form হবে** [প্রাথমিক প্রধান শিক্ষক (পত্র)-০৯]

a) I shall have helped you. **b)** I should helped you.

c) I shall help you. **d)** I shall have helped you.. Ans:c

Rule: Shall /will + be + (V_1 + ing) যুক্ত Active voice কে Passive voice এ রূপান্তর।

Active : Sub + shall/ will + be + V_1+ing + Object

Passive : Object টি Subject হয় + shall/will + be + being + V_3 + by + Subject টি Object হয়

27. **'I shall be teaching him.' বাক্যটির Passive form হবে** [প্রাথমিক প্রধান শিক্ষক-০১]

a) He shall be taught by me. **b)** He will be taught by me.

c) He shall be being taught by me. **d)** He will be being taught by me. Ans:d

28. **'We shall be taking tea.' বাক্যটির Passive form হবে** [প্রাথমিক সহকারী শিক্ষক (তিতাস)-১০]

a) Tea will be being taken by us. **b)** Tea shall have been taken by us.

c) Tea should be being taken by us. **d)** Tea should be taken by us. Ans:a

Rule: Reflexive Pronoun যুক্ত Active voice কে Passive voice এ রূপান্তর।

Reflexive pronoun (himself, herself, myself, themselves, ourselves etc.) কখনো Subject হয় না। তাই এদের Active voice হতে Passive voice করার সময় Subject এবং object এর অবস্থান অপরিবর্তিত থাকে।

Active : Subject + verb + Reflexive Object

Passive : Subject অপরিবর্তিত + tense অনুযায়ী Auxiliary verb + V_3 + by + Reflexive Object

29. **He killed himself. What is the passive form?** [JU 04-05, 10-11]

a) Himself was killed by him **b)** Himself would be killed by him

c) He was killed himself **d)** He was killed by himself. Ans:d

30. **The passive form of the sentence 'Lila fans herself.' is** – [ব্রাক-প্রাথমিক সহ: শিক্ষক-১৩, RU 04-05]

a) Lila was fanned by herself. **b)** Lila is fanned herself. **fan- বাতাস করা**

c) Herself is fanned by Lila. **d)** Lila is fanned by herself. Ans:d

Rule: Reciprocal pronoun যুক্ত Active voice কে Passive voice এ রূপান্তর।

Reciprocal pronoun (each other, one another) কখনো Subject হয় না। তাই এদের Active voice হতে Passive voice করার সময় Subject এবং object এর অবস্থান অপরিবর্তিত থাকে।

Active : Subject + verb + Reciprocal Object

Passive : Subject অপরিবর্তিত + tense অনুযায়ী Auxiliary verb + V_3 + by + Reciprocal Object

31. **They love each other. (Find out the correct passive form)** [RU 05-06]
a) Each other are loved by them. **b)** Each other were loved by them.
c) Each other loved by them. **d)** They are loved by each other. Ans:d

32. **They married each other. The passive form is –** [IU (C) 13-14]
a) They were married by each other **b)** They got married
c) They were married each other **d)** They had been married by each other Ans:a

Rule: Double object থাকলে যেকোনো object কে subject হিসেবে গ্রহণ করে active voice কে passive voice এ পরিবর্তন করা যায়। সাধারণত give, send, show, lend, pay, promise, refuse, tell, bring, buy, pluck, make ইত্যাদি verb গুলোর ক্ষেত্রে দুটি object ব্যবহৃত হয়।

Active : Subject + verb + indirect object (ব্যক্তিবাচক) + direct object (বস্তুবাচক)

Passive-1: Direct object + Aux. verb + V_3 + indirect object + by +subject

অথবা, Direct object + Aux. verb + V_3 + to (কে/নিকট বুঝালে) + indirect object + by + subject

Passive-3: Direct object + Aux. verb + V_3 + for (জন্য বুঝালে) + indirect object + by + subject

অথবা, Indirect object + Aux. verb + V_3 + Direct object + by + subject

33. **He has given me a book (into passive voice)** [PUST (B) 13-14]
a) A book was given to me by him. **b)** A book has been given to me by him.
c) A book has given to me by him. **d)** A book had been given me by him. Ans:b

34. **Passive form of 'He gave me a pen' is –** [RU 07-08]
a) A pen was given to me by him. **b)** A pen is given to me by him.
c) A pen was being given to me by him. **d)** A pen is being given to me by him. Ans:a

35. **'The cow gives us milk.' বাক্যটির সঠিক passive হবে-** [প্রাথমিক সহকারী শিক্ষক-১০(ঢাকা বিভাগ)]
a) We are being given milk by the cow. **b)** We were given milk by the cow.
c) Milk is given to us by the cow. **d)** Milk is being given to us by the cow. Ans:c

36. **The passive voice of "He made us work." is –** [RU 02-03, IU (G) 15-16]
a) We was made the work by him. **b)** Work was made by him for us.
c) Work were made by him to us. **d)** We were made the work for him. Ans:b

Rule: Passive এর ক্ষেত্রে সব সময় by বসে না, বরং by এর পরিবর্তে অন্যান্য preposition যেমন to, at, with, in ইত্যাদি বসতে পারে। Annoy, Charm, Displease, Dissatisfy, Marvel, Please, Shock, Stun, Surprise, **ইত্যাদি Verb এর past participle এর পরে ব্যক্তি (person) থাকলে with বসে এবং আচরণ (conduct, behaviour),** কর্ম (work), গুণ (beauty) বা কোনো বিষয়, ঘটনা থাকলে at বসে। তবে, প্রশ্নপত্রে আচরণ/কর্মের ক্ষেত্রে at না থাকলে with নিতে হবে।

Active : He annoyed me. **Active : His conduct annoyed me.**
Passive : I was annoyed with him. **Passive :** I was annoyed at his conduct

37. **The correct passive voice of 'He pleases us' is–** [প্রাক-প্রাথমিক সহ: শিক্ষক (আলকা)-১৪, IU (F) 17-18]
a) We are pleased by him. **b)** We were pleased with him. BSMRSTU E 18-19
c) We are pleased with him. **d)** We will be pleased by him. Ans:c

38. **His behaviour surprised me. (Passive)** [প্রাথমিক সহকারী শিক্ষক-১১, (বুড়িগঙ্গা)-১৩, ১৫তম শিক্ষক নিবন্ধন-১৯]
a) I surprised at his behaviour. **b)** I was surprised with his behaviour.
c) I had been surprised at his behaviour. **d)** I was surprised at his behaviour. Ans:d

39. **Which is the correct passive form? 'The boy pleased us.'** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা)-১৪]
a) We were pleased by the boy. **b)** We were pleased at the boy.
c) We were pleased with the boy. **d)** We were pleased to the boy. Ans:c

40. **Which one is the correct voice form?** [মাধ্যমিক সহকারী শিক্ষক-০৪]
a) I was charmed at her beauty. **b)** I was charmed by her beauty.
c) I was charmed for her beauty. **d)** I was charmed to her beauty. Ans:a

41. **He annoyed me. (Select the passive form)** [থানা সহকারী শিক্ষা অফিসার-০৪]
a) I was annoyed by him. **b)** I was annoyed at him.
c) I was annoyed with him. **d)** I was annoyed against him. Ans:c

42. **Change the voice: His conduct annoyed me.** [RU 09-10, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১৮]
Choose the correct form of voice. [বিটিভি'র উপসহকারী প্রকৌশলী-১১]
a) He annoyed me with conduct. **b)** I was annoyed with his conduct.
c) I was annoyed from his conduct. **d)** I was annoyed at his conduct. Ans:d

Rule: Passive voice এ cover, crowd, cram, decorate, ornament, fill, seize, throng, ইত্যাদি verb এর past participle এর পরে by এর পরিবর্তে with বসে।

Active : Paint covered the lock. Passive : The lock was covered with paint.

Rule: Contain, embody, include, subsume ইত্যাদি verb এর Passive form এ in বসে।

43. **Give the correct passive form of "My teacher embodies all the good qualities."**
[27th BCS, JKKNIU (A) 12-13, RU (ইঞ্জিনিয়ারিং) 13-14, BRUR (C) 14-15, BSMRSTU (E) 15-16]
a) All the good qualities are embodied by my teacher. [RU (E, বিজোড়) 16-17]
b) All the good qualities are embodied in my teacher.
c) All the good qualities are embodied to my teacher.
c) All the good qualities are embodied on my teacher. Ans:b

44. **The passive voice of 'Panic seized me' is–** [JU (A) 10-11, ১৪তম প্রভাষক নিবন্ধন-১৭]
a) I was seized with panic. **b)** I was being seized by panic.
c) I was seized by panic. **d)** I was seized from panic. Ans:a

45. **Smoke fills the room. Which is the passive form of the sentence?** [সহকারী প্রকৌশলী (এলজিইডি)-০৫]
a) The room is filled by smoke. **b)** The room is filled in smoke.
c) The room is filled at smoke. **d)** The room is filled with smoke. Ans:d

Rule: Passive voice এ known এর পরে সাধারণত to বসে এবং worried এর পরে about বসে। তবে স্থায়ীত্ব বা আত্ম প্রকাশ বুঝাতে known এর পরে by বসে। যেমন: A tree is known by its fruits. (বৃক্ষের পরিচয় ফলে) A man is known by the company he keeps. (সঙ্গ দেখে লোক চেনা যায়)

46. **The correct passive voice of 'Do you know them'?**
[IU B 08-09, প্রাথমিক প্রধান শিক্ষক-১২, প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা)-১৩, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১৫, 39th BCS]
a) Is they know by you? **b)** Are they known to you?
c) are they know by you? **d)** Are they know with you? Ans:b

47. **Choose the correct passive voice: 'His behaviour worried us.'**
[বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির সহকারী পরিচালক-০৫, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (কুষ্টিয়া, খুলনা, নাটোর, ..)-১৫]
a) We were worried about his behaviour **b)** We were worried with his behaviour. Ans:a
c) We were worried by his behaviour. **d)** We have been worried by his behaviour

Rule: Active voice এর verb টি group verb হলে তার সাথে সংযুক্ত preposition টি Passive voice এ সর্বদাই past participle এর সাথে বসে।

Active : Take care of your health. **Passive :** Let your health be taken care of.

Active : He laughed at me. **Passive :** I was laughed at by him.

48. **Choose the voice: "All of his friends laughed at him"**
[DU (D) 04-05, শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক-০৫, JU (E) 14-15, RU (E: বিজ্ঞান) 14-15, BU (A) 15-16]
a) He laughed at all of his friends **b)** He was laughed at by all of his friends.
c) All his friends had laughed at him. **d)** All his friends were laughed at him.Ans:b

49. **The correct sentence of the following:** [17th BCS, JnU (A) 10-11, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৫]
a) A new cabinet has been sworn in in Dhaka **b)** A new cabinet has been sworn at Dhaka
c) A new cabinet has been sworn by Dhaka **d)** A new cabinet has sworn in Dhaka Ans:a
Swear in - শপথ করা; in Dhaka – ঢাকায়। অনুরূপ: This form must be **filled in** in ink.

50. **The correct passive form of the sentence. 'Take care of your health."** (স্বাস্থ্যের যত্ন নাও)
[Medical 06-07, SUST (A) 09-10, RU (F) 12-13, KU (C) 18-19]
a) Let your health taken care. **b)** Let your health be taken care of.
c) Let your health taken care of. **d)** Health is taken care by you. Ans:b

51. **I knew him. Make it passive voice.** [এনজিও'র সহকারী প্রকৌশলী-০৫, সহকারী মাধ্যমিক সহকারী শিক্ষক-১৯]
a) He is known to me. **b)** He was known to me.
c) He was known with me. **d)** He was known by me. Ans:b

52. **Active voice of 'They were talked of by us' is –** [RU ইসলামের ইতিহাস 09-10]
a) They were talked of. **b)** Talked to us
c) We had been talk of **d)** We talked of them. Ans:d

53. **My uncle looks after me. Passive form is-**
[উপজেলা:মহিলা বিষয়ক কর্মকর্তা-০৭, প্রাথমিক সহ:শিক্ষক-১০, ১৩, COU (B) 12-13, JKKNIU (খ) 16-17]
a) I was looked after by me uncle. **b)** I am looked after by my uncle.
c) I am being looked after by my uncle. **d)** I am looking after by my uncle. Ans:b

54. **'He called on me yesterday.' Passive of the sentence will be-**
a) I was called by him yesterday. **b)** I have been called on by him yesterday.
c) I had been called on by him yesterday. **d)** I was called on by him yesterday. Ans:d

Rule: Can, could, may, might, will, would, shall, should, ought to, used to, must ইত্যাদি modal auxiliary verb গুলোর passive এ কোনো পরিবর্তন হয় না।
Active voice : Subject + Modals + মূল verb এর base form + object
Passive voice : Object + Modals + be + V_3 + by + subject

55. **The correct passive form of 'You must shut these doors.** [35th BCS]
a) These must be shut doors **b)** Shut the doors you must
c) Shut must be the doors **d)** These doors must be shut Ans:d

56. **We ought to obey our parents. (Change the voice)** [RU (মার্কেটিং) 08-09, IU (H) 17-18]
a) Our parents are obeyed by us. **b)** Our parents were obeyed by us. Ans:c
c) Our parents ought to be obeyed by us. **d)** Our parents was ought to obey by us.

57. **'We must listen to his words.'- বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-** [প্রাথমিক প্রধান শিক্ষক (শাপলা)-০৯]
a) His words must be listened to **b)** His words should be listened to
c) His words ought to be listened to **d)** His words may be listened to Ans:a

58. **Change the voice: 'We will not admit children under ten.'** [পরিকল্পনা মন্ত্রণালয়ের চাটা প্রমোশন অপারেটর ০৯, IU (C) 14-15]
a) Children under ten will not be admitted by us.
b) Children under ten will be not admitted by us.
c) Children under ten would not be admitted by us.
d) Children under ten shall not be admitted by us. Ans:a

59. **Find out the active form of the sentence "Our parents should be respected by us"** [KU (জীব: স্কুল) 01-02]
a) We respect our parents **b)** We should respect our parents
c) We should honour our parents **d)** Parents should be respected by us Ans:b

60. **The correct passive form is:** (তারা নষ্ট গাড়ি মেরামত করতো) [RU (আইন, রাষ্ট্রবিজ্ঞান) 07-08]
a) Broken cars are used to repair by them. **b)** Broken cars used to be repaired by them.
c) Broken cars used to be repair by them. **d)** Broken cars are used to be repaired by them.

Ans:b **Active:** Sub. + used to + verb (base form) +obj. (They used to repair broken cars)
Passive : object + used to be + V_3 +by + Sub. (Broken cars used to be repaired by them)

Rule: 'be going to' এর passive এ going এর কোনো পরিবর্তন হয় না। going to + be + V_3 বসে।
Active : Subject + be verb + going to + present form + object
Passive : Object + be verb + going to + be + V_3 + by + Subject

61. **Identify the correct passive form of "He is going to open a shop."** [NU (মানবিক) 08-09, 26th BCS, প্রাক প্রাথমিক সহকারী শিক্ষক (রাইন)-১৩, (গামা)-১৪, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (কুষ্টিয়া)-১৫, JUST (B) 16-17]
a) He is being gone to open a shop. **b)** A shop is being gone opened by him.
c) A shop will be opened by him. **d)** A shop is going to be opened by him. **:d**

62. **The passive form of "The Home office is going to renew my passport" is**
a) My passport will be renewed by the Home office. [CU (গ) 02-03, (E) 12-13]
b) My passport is to be renewed by the Home office.
c) My passport is being renewed by the Home office.
d) My passport shall be going to be renewed by the Home office.
e) My passport is going to be renewed by the Home office. Ans:e

63. **What is the correct passive form?** [JnU (C) 10-11]
a) A house is going to be building **b)** A house is going to be built.
c) A house is being gone to build **d)** A house is gone to be built. Ans:b

64. **'He is going to set up a school.' বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-** [প্রাথমিক প্রধান শিক্ষক (পদ্মা)-০৯]
a) A school is going to be set up by him **b)** A school is being set up by him Ans:a
c) A school is gone to be set up by him **d)** A school has been going to be set up by him

Rule: Active voice এ am to/is to/are to/have to/has to ইত্যাদি থাকলে Passive voice এ am to/is to/are to/have to/has to এর পরে be বসে এবং be এর পরে মূল verb এর past participle form বসে। যেমন:
Active : Subject + am to/is to/are to/have to/has to + present form + object
Passive : Object + am to/is to/are to/have to/has to + be + V_3 + by + Subject

65. **Correct passive form of "I have to do it" is** RU 03-04, DU 05-06, প্রাথমিক প্রধান শিক্ষক (গোলাপ)-০৯, MBSTU (B) 13-14, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুন্সীগঞ্জ,... ফেনী)-১৫, IU (F) 04-05, (BBA) 15-16]
a) It has to be done by me. **b)** It is to be done by me.
c) It has to be done to me. **d)** Let it be done by me. Ans:a

66. **'It has to be done by me' বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-** [প্রাথমিক প্রধান শিক্ষক (নিয়োগ)-০৪]
a) I must do it. **b)** I should do it. **CU (A) 18-19**
c) It must have done it **d)** I have to do it. Ans:d

67. **You are to colour this picture. The passive form:** [JU BBA 11-12, ডাক বিভাগের মেইল অপারেটর-১৯]
a) This picture has to be coloured by you **b)** This picture is to be colour by you
c) This picture is to be coloured by you **d)** This picture is being coloured by you Ans:c

Rule: Active : Subject + modals (must/should/could/ought to) +have + V_3 + object
Passive: Object + modals (must/should/could/ought to)+have +**been** + V_3 + by +subject

68. **The passive form of the sentence 'A child could not have done this mischief.' is**
a) This mischief could not have been done by a child. [CU (B7) 14-15]
b) This mischief could not been done by a child.
c) This mischief could not have be done by a child.
d) This mischief a child could not have been done. Ans:a

69. **The correct active form of the sentence "It must have been stolen by him" is–**
a) He must have stolen it. **b)** He must have been stolen by it. [NU 06-07]
c) It was stolen by them. **d)** They must steal it. Ans:a

70. **Choose the correct passive statement of "You should have done it."** [RU 09-10]
a) You should have done it. **b)** It should have been done by you.
c) It should have done by you. **d)** It would have been done by you. Ans:b

Voice change of Imperative Sentences

Rule: মূল verb দ্বারা শুরু হলে Active voice থেকে Passive voice এ পরিবর্তনের নিয়ম:

Active: V_1 + Object **Passive: Let + Object + be + V_3**

Active: Do it/the work. (এটা/কাজ করো) **Passive:** Let it/the work be done. (এটা/কাজটা করা হোক)

Active: Eat the cake. (কেকটা খাও) **Passive:** Let the cake be eaten. (কেকটা খাওয়া হোক)

তবে যে সকল Imperative Sentence দ্বারা নৈতিক বা বাস্তবিক অপরিহার্য উপদেশ বোঝায় সে সকল ক্ষেত্রে Let না থাকলে should be ব্যবহার করে Passive voice করা যায়।

Active: Keep your word. **Passive:** Your word should be kept.

Active: Obey your teacher. **Passive:** Your teacher should be obeyed.

71. **'Obey your parents' The passive form is -** [IU (C) 13-14]
a) Your parents were obeyed. **b)** Your parents must be obeyed.
c) Your parents are to be obeyed. **d)** Your parents should be obeyed. Ans:d

72. **Change the voice: Shut the door at once.** [COU (B) 09-10, JnU (A, D6) 13-14]
a) The door be shut at once. **b)** Let the door be shut at once.
c) Let the door shut at once. **d)** The door be shuted at once. Ans:b

73. **Identify the correct passive form 'Open the window'.** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর-০২]
a) The window should be opened. **b)** Let the window be opened. [RU G 11-12]
c) Let the window be opened by you. **d)** The window must be opened. Ans:b

74. **Make the sentence passive: 'Always speak the truth'** [JU 10-11]
a) Let the truth be spoked always. **b)** Let the truth be spoken always.
c) Let the truth had spoken always. **d)** Let the truth was spoken always. Ans:b

75. **'Let him be told to go' change the voice is-** [RU (গণযোগাযোগ) 09-10, NSI এর সহকারী পরিচালক-১৫]
a) Go **b)** Let you go. **c)** You go. **d)** Tell him to go. Ans:d

76. **What is the passive voice "Do away with it"?** [Dental 98-99, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (পদ্মা)-১৩, IU (G) 14-15]
a) Let it be done away with. **b)** Let it has been away with.
c) Let it is to be done away with. **d)** Let it has to do away with Ans:a

77. **The passive form of the sentence "Tell him to go" is-** [IU (আইন) 04-05, RU 09-10]
a) Let him told to go. **b)** Let him be told to go.
c) Let he be told to go. **d)** Let him tell to be gone. Ans:b

Rule: Do not দ্বারা শুরু হলে Active voice থেকে Passive voice এ পরিবর্তনের নিয়ম:

Active : Do not + মূল verb এর base form + Object **Passive :** Let not + Object + be + V_3

Active : Do not look down upon the poor. **Passive :** Let not the poor be looked down upon.

N.B. Object টি pronoun হলে pronoun এর পরে not বসে।

Active : Do not hate him. **Passive :** Let him not be hated.

78. **The passive form of 'Don't do it' is–** [১১তম শিক্ষক নিবন্ধন-১৪, RTB মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী-১৯]
a) Let not it be done **b)** Let not it be done BRUR C 16-17
c) Let it be done not **d)** Let it not be done Ans:d

79. **Mention the passive Voice, 'Don't neglect the poor.'** [RU (G) 14-15]
a) Let the poor be neglected. **b)** Let not the poor be neglected.
c) Let not the poor neglected. **d)** Poor don't be neglected. Ans:b

80. **The passive form of the sentence 'Do not open the door' is-** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-১৮
a) Let not the door be opened. **b)** Let not the door open.
c) Let not the door be open. **d)** Let not the door opened. Ans:a

Rule: Let + ব্যক্তিবাচক Object (me, us, them, him, her) দ্বারা শুরু বাক্যের Passive এ রূপান্তর

Active : Let + ব্যক্তিবাচক Object + V_1 (present form) + বস্তুবাচক object

Passive : Let + বস্তুবাচক object + be + V_3 + by + ব্যক্তিবাচক Object

81. **Let her sing a song. Passive form is-** [প্রাথমিক সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ)-০৬, ১৪, RU (E, জোড়) 13-14, Medical 13-14, JU (E) 14-15]
a) Let a song be sung by her **b)** Let a song be sang by her
c) Let a song sing by her **d)** Let a song sung by her Ans:a

82. **Let me do the work. Its passive form is :** [RU (ভূগোল) 10-11, A2 19-20]
a) Let the work done me. **b)** Let the work be done.
c) Let me be done the work. **d)** Let the work be done by me. Ans:d

83. **Let me write a letter. বাক্যটির Passive হবে-** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-০৬, BSMRSTU A 12-13]
a) Let a letter be write by me. **b)** Let a letter be written by me.
c) Let a letter to write by me. **d)** Let a letter is written by me. Ans:b

Rule: Never যুক্ত Imperative Sentence এর Passive এ রূপান্তর :

Active : Never + মূল verb এর base form + object (noun). **Active :** Never tell a lie.

Passive : Let never + object + be + V_3. **Passive :** Let never a lie be told.

অথবা, Let + not + object + ever + be + V_3. **অথবা,** Let not a lie ever be told.

84. **'Never catch the Jatka.' Make it passive.** [RU 05-06, IU (C) 14-15, BRUR C 16-17]
a) Let the Jatka never be caught. **b)** Let not the Jatka ever be caught.
c) Never the Jatka be caught by you. **d)** The Jatka is caught by you. Ans:b

Rule: সাধারণত Imperative sentence এর Active voice এ Please অথবা Kindly থাকলে Passive voice এ Please অথবা Kindly এর পরিবর্তে You are requested to ব্যবহৃত হয় এবং এর পরে Principal verb থেকে বাকি অংশ অপরিবর্তিত থাকে। Negative বাক্যের ক্ষেত্রে to এর পূর্বে not বসবে। তবে Please/Kindly না থাকলেও বাক্যটি intransitive verb (Go there, Come here) দিয়ে শুরু হলে এবং অনুরোধ বুঝালে এই নিয়মে হতে পারে।

e.g. Active: Come here. **Passive :** You are requested to come here.

ব্যতিক্রম: **Active:** Prepare for the worst. **Passive :** Be prepared for the worst.

85. **Choose the correct active statement of 'You are requested not to smoke.'**
a) No smoking is requested **b)** Please do not smoke [RU (বর্ষন) 10-11]
c) You need not smoke **d)** Smoke not is requested Ans:b

86. **The passive form of the sentence 'Enter the house by this gate' is-** [১২তম প্রভাষক নিবন্ধন-১৫]
a) You are requested to enter the house by this gate. IU (H) 17-18
b) You should enter the house by this gate.
c) Let the house be entered by this gate.
d) Let the house be entered by you by this gate. Ans:a

Rule: Passive voice এর শুরুতে You are requested to থাকলে active voice এ You are requested to উঠে যায় এবং transitive verb এর ক্ষেত্রে প্রথমে please/kindly বসে।

c) Do you have a complain against me? d) You are proud of Bangladesh.

Ans:d

a) are এর স্থলে is হবে। কারণ, One of + plural noun + singular verb b) rained এর স্থলে has been raining হবে। c) complain (verb) এর স্থলে complaint (noun) হবে। article এর পরে noun বসে।

107. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক প্রধান শিক্ষক (রাজশাহী)-০৮]

a) He was too clever to grasp the point.
b) Scarcely had we started when it began to rain.
c) Why you have done this? d) A gold is a precious metal

Ans:b

a) grasp এর স্থলে miss হবে। c) Why **have** you done this? হবে। d) A gold এর স্থলে Gold হবে।

108. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা)-০৮]

a) There is no room for doubt in it. b) I found him write something.
c) There is no place for doubt in it. d) Find out the word in the dictionary.

Ans:a

b) writing হবে। b) place এর স্থলে room (অবকাশ, সুযোগ) হবে। c) Find out এর স্থলে Look up হবে।

109. কোনটি শুদ্ধ বাক্য? [প্রাথমিক সহকারী শিক্ষক (ধানসিঁড়ি)-০৮]

a) Where are your luggages? b) Can you give me an advice?
c) What beautiful sceneries! d) What an awful weather!

Ans:d

a) Where **is** your **luggage**? হবে। b) an advice এর স্থলে a piece of advice হবে।
c) What a beautiful scenery! হবে। কারণ, scenery হচ্ছে uncountable noun তাই এর plural হবে না।

110. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (তিতাস)-১০]

a) Grammar is better servant than a master.
b) Grammar is the better servant than a master.
c) Grammar is a better servant than master.
d) A grammar is a better servant than a master.

Ans:c

সাধারণত Grammar হচ্ছে abstract noun তাই এর পূর্বে article বসে না।

111. কোনটি শুদ্ধ বাক্য? [পরবর্তী মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৪, প্রাথমিক সহকারী শিক্ষক (বসন্ত, যুক্তিযোদ্ধা কোটা)-১০]

a) There is book and pen on the table.
b) There are a book and a pen on the table.
c) There are a book on the table. d) There is a book and a pen on the table.

Ans:b

a) are a book and a pen হবে। কারণ, a book and a pen হচ্ছে plural subject তাই verb টি plural অর্থাৎ **are** হবে। book, pen হচ্ছে common noun তাই এদের পূর্বে **article** (a) বসবে। c) is হবে। d) are হবে।

112. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (কপোতাক্ষ)-১০]

a) She is a person whom I know is sincere.
b) She is a person who I know is sincere.
c) Tuhin is my lovely friend.
d) There is no place in my class.

Ans:b

a) whom এর স্থলে who হবে। কারণ, বাক্যে finite verb আর subject সমান সংখ্যক থাকলে whom আর subject একটা কম থাকলে who বসবে। c) loving হবে। d) place এর স্থলে room হবে।

113. কোনটি শুদ্ধ বাক্য? [প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিনা)-১০]

a) Every girls is at her desk.
b) Credit this amount against his name.
c) We made fun of it.
d) A little number of boys were present.

Ans:c

a) girls এর স্থলে girl হবে। কারণ, Every + singular noun b) to হবে। একাউন্টে/নামে জমা করা অর্থে credit to হবে। d) small number হবে। কারণ, কম সংখ্যক অর্থে number এর আগে small বসে, little/few বসে না।

114. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (কপোতাক্ষ)-১০]

a) I feel hungry.
b) I feel myself hungry.
c) I am a man of words.
d) The sheeps are quite healthy.

Ans:a

b) myself বাদ যাবে। c) a man of few words (অল্প কথার লোক) হবে। d) sheep হবে।

115. কোন বাক্যটি শুদ্ধ? (সে তার সর্বোচ্চ আওয়াজ দিয়ে চিৎকার দিল) [প্রাথমিক সহকারী শিক্ষক (হেমন্ত, মুক্তিযোদ্ধা কোটা)-১০]

a) He shouted in the top of his voice.
b) He shouted with the top of his voice.
c) He shouted on the top of his voice.
d) He shouted at the top of his voice.

Ans:d

b) সর্বোচ্চ সীমায়, শিখরে, চূড়ায়, শীর্ষবিন্দুতে অর্থে at the top of ব্যবহৃত হয়।

116. কোনটি শুদ্ধ বাক্য? [প্রাথমিক সহকারী শিক্ষক (শরৎ, মুক্তিযোদ্ধা কোটা)-১০, রেজি: বেসরঃ প্রাথমিক সহকারী শিক্ষক (জবা)-১১]

a) There is no place for doubt in it.
b) There is no suspension in it.
c) There is no room for doubt in it.
d) There is no misunderstanding in it.

Ans:c

(বিশেষ উদ্দেশ্যে ব্যবহারের জন্য) ফাঁকা স্থান, সম্ভাবনা, সুযোগ, অবকাশ অর্থে room ব্যবহৃত হয়।

117. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [রেজি: বেসরঃ প্রাথমিক সহকারী শিক্ষক (শাপলা)-১১]

a) I took my tea at 5.p.m.
b) He refused to help me.
c) Keep it on the table.
d) I saw him long before.

Ans:b

a) took এর স্থলে had হবে। c) Keep এর স্থলে Put হবে। কারণ, Put হচ্ছে অস্থায়ী অবস্থানে রাখা আর keep হচ্ছে স্থায়ীভাবে রাখা। d) long ago হবে। কারণ, past indefinite এ long ago আর past perfect এ long ago বসে

118. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [রেজি: বেসরঃ প্রাথমিক সহকারী শিক্ষক (শাপলা)-১১]

a) Put the book on the table.
b) The examiner saw my papers.
c) I feel some better.
d) He is not in the committee.

Ans:a

b) saw এর স্থলে looked over হবে। c) somewhat better হবে। d) on the committee হবে।

119. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [রেজি: বেসরঃ প্রাথমিক সহকারী শিক্ষক (হাসনাহেনা)-১১]

a) I had a strong headache.
b) Asad alone is reliable.
c) His head was even.
d) He came today morning.

Ans:b

b) strong এর স্থলে bad হবে। c) even এর স্থলে bare হবে। d) this morning (আজ সকালে) হবে।

120. কোনটি শুদ্ধ বাক্য? [প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা)-১২]

a) He dares go there.
b) I came in when he was writing.
c) Matin is good than his brother.
d) The police were informed of the matter.

Ans:b,d

a) dares to go হবে। তবে dare not, How dare you + base form c) good এর স্থলে better হবে।

121. কোনটি শুদ্ধ বাক্য? [সহকারী শিক্ষক (অনুরূপ)-১২]

a) I forbade him to go. b) The moon shines by night
c) Did they wrote the book? d) He stopped to write letters to me. Ans:a

b) at night (রাত্রিকালে) হবে। c) wrote এর স্থলে write হবে। কারণ, do/does/did + subject + base form
d) writing হবে। কারণ, stop/start/finish + gerund (verb + ing)

122. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [সহকারী শিক্ষক (অর্থনীতি)-১২]

a) He came this morning. b) Asad is sick
c) Anis told me a liar. d) Put your sign here Ans:a

b) sick এর স্থলে ill হবে। c) told এর স্থলে called হবে। d) sign এর স্থলে signature হবে।

123. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [সহকারী শিক্ষক (অর্থনীতি)-১২]

a) He gave me a piece of advice. b) I went to my house
c) He applied for freeship. d) The meat is hard Ans:a

b) I went home. হবে। c) freeship এর স্থলে free studentship হবে। d) hard এর স্থলে tough হবে।

124. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [সহকারী শিক্ষক (সুরমা)-১২]

a) I feel unwell. b) I took a bath
c) I am somewhat sure. d) I sold my furnitures. Ans:a

b) took এর স্থলে had হবে। c) somewhat এর স্থলে pretty হবে। d) furniture হবে।

125. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [সহকারী শিক্ষক (সুরমা)-১৩]

a) The cart was laden fully b) Your information is false.
c) Listen to my advices. d) Who brought these news? Ans:b

b) laden এর স্থলে loaded হবে। c) advices এর স্থলে advice হবে। d) these এর স্থলে this হবে।

126. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোমনেরা)-১৩]

a) Good night, how are you? b) Ali took admission into that college.
c) He asked me where did I go. d) He always speaks the truth. Ans:d

a) Good night এর স্থলে Good evening হবে। শুধুমাত্র বিদায় জানানোর সময় Good night ব্যবহৃত হয়।
b) got himself admitted into হবে। c) He asked me where I went. হবে। wh word বাক্যের মাঝে থাকলে তারপরে assertive sentence বসে। Subject + verb + Wh word + subject + verb + extension

127. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সাভার)-১৩]

a) Ahshan is better today. b) The bus service has been cancelled due to fog.
c) I have a lot of furnitures for sale. d) He prevented me to go. Ans:a

b) due to এর স্থলে owing to হবে। কারণ, due to বসে be verb এর পরে যেমন: My absence was due to my illness. c) furnitures এর স্থলে furniture হবে। d) from going হবে। prevent (sb) from (doing)

128. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সাভার)-১৩]

a) Two-thirds of the money are lost. b) I am senior to you by three years.
c) Whom do you think I am? d) He thought it will rain. Ans:b

a) are এর স্থলে is হবে। c) Whom এর স্থলে Who হবে। d) will rain এর স্থলে would rain হবে।

129. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ)-০৩]

a) She is always fond to talk. b) Is today's film worth seeing?
c) I asked him if he is going. d) It has much hot in the summer. Ans:b

a) fond of talking হবে। c) is going এর স্থলে was going হবে। d) much hot এর স্থলে very hot হবে।

130. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ)-০৬]

I went to my house. I got my food expenses.
Do not throw the milk. The tree was loaded with fruit. Ans:b

a) I went home হবে। বাড়ি যাওয়া অর্থে go home ব্যবহৃত হয়। c) throw এর স্থলে spill হবে।
d) loaded এর স্থলে laden হবে। বৃক্ষ ফলে ভারাক্রান্ত কিংবা ব্যক্তি মালামালে ভারাক্রান্ত অর্থে laden আর যানবাহন মালামালে পূর্ণ, কোনো খাবার কোনো উপাদানে পূর্ণ অর্থে loaded ব্যবহৃত হয়।

131. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (যেকোনো)-১২]

I suffered fever for a week. She found the boy crying.
Let you and he be the witness. Rahim play everyday. Ans:b

a) have been suffering হবে। c) he এর স্থলে him হবে। d) play এর স্থলে plays হবে।

132. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক (যেকোনো)-১২]

Matin is good than his brother. Why you have done this?
He was too clever to miss the point. Your conduct admits at no excuses. Ans:c

a) good এর স্থলে better হবে, কারণ, দুইজন ব্যক্তি বা দুটি কোনোকিছুর মধ্যে তুলনার ক্ষেত্রে than এর আগে comparative form বসে। b) Why have you done this? হবে। d) admits of হবে।

133. **Which is the correct sentence?** [সহকারী পরিষদ পরিচালনা কর্মকর্তা-১২]

He spoke me to wait. He wishes for me to wait.
The boat was drowned. Two-thirds of it is true. Ans:d

a) spoke এর স্থলে asked হবে। কাউকে কোনো কিছু করতে বলা অর্থে ask ব্যবহৃত হয়। b) for বাদ। কারণ, wish + object + infinitive (wish somebody to do) c) was drowned এর স্থলে sank হবে।

134. **Choose is the correct sentence.** [বিটিভির অফিসের বিভাগ প্রতিনিধি-০৮, পরবর্তী মন্ত্রণালয়ে বাছাইকৃত কর্মকর্তা-০৮]

He says good English. Yours is the most prettiest hat of all.
He could not avoid to do this. I am quite sure of his honesty. Ans:d

a) says এর স্থলে speaks হবে। কোনো ভাষার কথা বলা অর্থে speak ব্যবহৃত হয়। b) prettiest হবে। কারণ, এক সিলেবলবিশিষ্ট adjective এর superlative form এ -st/-est/-iest যুক্ত হয়, এদের পূর্বে most বসে না। যেমন: wise-wisest c) to do এর স্থলে doing হবে। কারণ, avoid এর পরে gerund (verb + ing) বসে।

135. **What is the correct sentence?** [প্রাথমিক সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ)-০৫]

The reason of my silence is due to my illness.
My silence is due to my illness.
The reason of my silence is a due to my illness.
My silence is due the my illness. Ans:b

a) due to বাদ যাবে। কারণ, reason এবং due to দুটোই কারণ বোঝায় তাই এরা এক সাথে ব্যবহৃত হয় না।
c) due to যে due বোঝে adjective তাই due এর আগে a বসে না। d) the এর স্থলে to হবে।

136. **Which of the sentence is correct?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, পরবর্তী কর্মকর্তা-১৩]

One of the boys was absent in the class.
Cowards die many times before their death. (ভীরুরা মরার আগে অনেকবার মরে)
He is a famous thief.
Only graduates are illegible for the post. Ans:b

a) absent from হবে। c) famous (বিখ্যাত) এর স্থলে notorious (কুখ্যাত) হবে।
d) illegible (দুর্বোধ্য) এর স্থলে eligible (যোগ্য) হবে।

137. **I shall not – the examination this year.** (আমি এ বছর পরীক্ষা দিব না) [29th BCS, JU (খ) 09-10]
a) give b) appear at c) sit d) go for Ans:b

138. **He will take examination.** (সে পরীক্ষা দিবে) [JnU (B) 10-11]
a) drop b) give c) appear at d) discontinue Ans:c

139. **He was debarred from - the examination.** (তাকে পরীক্ষা দেওয়া থেকে বিরত রাখা হল) [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক-০৬, বিটিভি'র প্রযোজক-০৬, ১৩শ বিজেএস (সহকারী জজ)-১৯]
a) taking b) sitting c) appearing d) giving Ans:a

140. **Which of these sentences is incorrect?** [RU (A) 18-19]
a) We are sitting an exam. b) We are taking an exam.
c) Students are giving an exam. d) Teachers are giving an exam. Ans:c

141. **From your (= students') point of view, which sentence is not correct?** [RU (A1) 19-20]
a) I am taking the admission test. b) I am giving the admission test.
c) I am siting the admission test. d) I am siting for the admission test. Ans:b

142. **Choose the correct sentence.** (ক্যাথেরিন পরীক্ষা দিল) [NU 07-08]
a) Catherine gave her examination. b) Catherine has given her examination.
c) Her examination was given by herself. d) Catherine took her examination. Ans:d

(পরীক্ষার্থী হিসেবে) পরীক্ষা দেয়া অর্থে appear at, sit for, go in for, take, do ব্যবহৃত হয়। যদিও বর্তমানে শুধু sit ও ব্যবহৃত হয় (OALD তে দেখুন) কিন্তু আগের গ্রামার বইগুলোতে sit for আছে। কিন্তু অনেক প্রশ্নকর্তা পুরাতন গ্রামার বই অনুসরণ করেন বলে sit for কে সঠিক ধরেন হয়তো। আর (পরীক্ষক হিসেবে) পরীক্ষা নেয়া অর্থে give ব্যবহৃত হয়।

143. **Which sentence is correct?** [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]
a) How do you like it? b) He is comparatively better today.
c) I prefer tea than coffee. d) I shall prevent you to do this. Ans:a

b) comparatively বাদ, শুধু better হবে। c) than এর স্থলে to হবে। কারণ, অধিকতর পছন্দ করা অর্থে prefer (noun) to (noun) ব্যবহৃত হয়। d) to do এর স্থলে from doing হবে। কারণ, prevent (sb) **from** (doing)

144. নিচের বাক্যগুলোর মধ্যে শুদ্ধ বাক্য কোনটি? [প্রাথমিক প্রধান শিক্ষক-৯৮]
a) The flowers smell sweetly. b) I am very glad to see you.
c) The novel is too interesting. d) No one can write as neat as he does. Ans:b

a) sweetly এর স্থলে sweet হবে। কারণ, smell হচ্ছে linking verb তাই এর পরে adjective বসবে।
c) too এর স্থলে very হবে। d) neat এর স্থলে neatly হবে। কারণ, write হচ্ছে action verb তাই একে modify করতে এর পরে adverb লাগবে তাই neatly লাগবে।

145. **The correct sentence is** – [IU 02-03, KU 06-07, Uttara Bank-08, মাধ্যমিক সহকারী শিক্ষক-১১, পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) -১৩, ডাক অধিদপ্তরের বিভিং ওভারশিয়ার-১৮]
a) We write on ink. b) We write by ink.
c) We write in ink. d) We write with ink. Ans:c

146. **I have no pen (to write).** [আমার লেখার কোনো কলম নেই] [IU 09-10, সহঃপরিচালক (মাদক নিয়ন্ত্রণ)-১৩]
a) I have no pen to write with. b) I have no pen to write.
c) I have no pen to writing. d) I have no pen to write in. Ans:a

write with **a/no** pen কিন্তু write **in** pen/in pencil/in ink/in chalk, write on paper (in book)

147. **Choose the correct sentence:** (গিটটা খোলো) [RU 07-08]
a) Open the knot b) Open the tie c) Untie the tie d) Put off the knot Ans:c

এখানে tie বলতে গিট বোঝানো হয়েছে এবং গিট খোলা বোঝাতে verb হিসেবে ব্যবহার Untie করা হয়।

148. **Which one is the correct sentence?** (আমি খুব সকালে ঘুম থেকে উঠতাম) [RU 09-10]

- I used to get up early in the morning.
- I did get up early in the morning.
- I had got up early in the morning.
- I used get up early in the morning. Ans:a

অতীতকালের অভ্যাস বোঝাতে used to ব্যবহৃত হয় এবং Subject + used to এর verb এর base form হয়। কিন্তু কেউ কোনো কাজ করে অভ্যস্ত হয়ে গেছে বোঝালে Subject + get/be +used to + verb +ing ব্যবহৃত হয়।
I am/get used to getting up early in the morning. (আমি খুব সকালে ঘুম থেকে উঠতে অভ্যস্ত)
I am not used to smoking/drinking. (আমি ধূমপানে/মদ্যপানে অভ্যস্ত নই)

149. **Select the correct sentence.** (সে আমার নিমন্ত্রণ প্রত্যাখ্যান করলো) [RU 09-10]

- He refused my invitation.
- He declined my invitation.
- He declined to accept my invitation.
- None Ans:b

নিমন্ত্রণ প্রত্যাখ্যান করা বুঝালে শুধু decline (ডিক্লাইন) ব্যবহৃত হয়। কোনো কিছু করতে অস্বীকার করা বুঝালে refuse (রিফিউজ) এর পরে (to +সংশ্লিষ্ট verb), কোনো সত্য অস্বীকার করা বুঝালে deny (ডিনাই) ব্যবহৃত হয়।

150. **Which of the following is a correct sentence?** [15th BCS, সহকারী মাধ্যমিক সহকারী শিক্ষক-০৮, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (চলপা)-১৩, DU (C) 11-12, RU (C) 16-17, (A) 19-20]

- He was too clever not to miss the point.
- He was so clever to miss the point.
- He is too clever to miss the point.
- He was clever to grasp the point. Ans:c

Sub + verb + too + adjective + to + verb +..... He is too important to tolerate any delay.

151. **Choose the correct sentence.** [তুমি কি তার সাথে দেখা করেছিলে?] [RU 09-10]

- Did you give him a visit?
- Did you pay him a visit?
- Did you take him a visit?
- Did you permit him a visit? Ans:b

152. **Identify the correct sentence.** [আমরা তার গ্রামে বেড়াতে গিয়েছিলাম] [ইসলামী ব্যাংক সহকারী অফিসার-০৮]

- We paid a visit to his village.
- We made a visit to his village.
- We paid visit to his village.
- We paid a visiting to his village Ans:a

দেখা করা, বেড়াতে যাওয়া বা পরিদর্শন করা অর্থে pay a visit ব্যবহৃত হয়।

153. **Choose the correct sentence.** [তোমার (হাতের) লেখা পড়া অসম্ভব] [RU 06-07, (BBA) 10-11]

- Your writing is impossible to reading
- Your writing is impossible reading.
- Your writing is impossible to read.
- Your writing is impossible for read. Ans:c

Impossible এর পরে infinitive (to +verb এর base form) বসে।

154. **Choose the correct sentence.** [ধনীরা সবসময় সুখী নয়/সুখী হয় না] [11th BCS, Rupali Bank-10, টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহঃ পরিচালক (আইন)-১৩, RU (E-জোড়) 14-15, NBR এর সহকারী রাজস্ব কর্মকর্তা ১৫, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (..সিলেট..)-১৫, KHUET 15-16, DPE সহকারী শিক্ষক (১৪)-১৮, স্বাস্থ্য অধিদপ্তরে অফিস সহায়ক-১৮]

- The rich are not always happy.
- Rich is not always happy.
- The rich is not happy always.
- The Rich are not always happy. Ans:a

155. **Which is correct?** [গরীবরা কষ্ট ভোগ করার জন্যই জন্মায়] [IU 04-05]

- The poor is born to suffer
- The poor are born to suffer
- Poor is born to suffer
- Poors are born to suffer Ans:b

156. **Which is correct?**[ধার্মিকেরা সুখী] [IU (ছ) 04-05, পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী/কম্পিউটার অপারেটর-১১]

- Pious man is happy.
- Pious (পাইআস্) are happy.
- The pious are happy
- The pious is happy. Ans:c

Adjective একাকী verb এর subject হতে পারে না এবং adjective এর plural হয় না কিন্তু The + adjective দ্বারা সমগ্র শ্রেণিকে বোঝায় বলে একে plural common noun বলে এবং এর পরে plural verb বসে।

157. **Choose the appropriate alternative:** [DU (B) '11-12, কৃষিবিদ্যা ক্ষেত্র অধিভুক্ত কলেজ (ভর্তি), '০৯]
a) I already twice have read this book
b) I have already read this book twice.
c) I have already twice read this book
d) I twice have already read this book. Ans:b

Present perfect tense এ already, never, just ইত্যাদি adverb গুলো সাধারণত auxiliary verb এবং principal verb এর মাঝে বসে। He has just gone out. Mithila has never loved me. once, twice, thrice ইত্যাদি adverb of frequency গুলো সাধারণত sentence এর শেষে বসে।

158. **Which is the correct sentence?** [DU (D) 07-08, IntU (B) 09-10, BRUR (গ) 11-12]
a) I wish I was in your shoes.
b) I wish I were in your shoes.
c) I wish I got in your shoes.
d) I wish I gets in your shoes. Ans:b

I wish /If I were in your shoes. (আমি যদি তোমার জায়গায় হতাম) এটি একটি idiomatic expression

159. **Pick up the incorrect sentence.** [JU 10-11]
a) Bacon as well as Shakespeare were dead.
b) Wait until I return
c) The ship sank.
d) This road is shorter than that Ans:a

as well as এর পূর্বের subject অনুসারে verb হয় বিধায় were এর পরিবর্তে was হবে।

160. **Which is the incorrect sentence?** [IU (G) 10-11]
a) He sat before me.
b) The earth goes round the sun
c) She is good at drawing
d) He is suffering of illness. Ans:d

suffering এর পরে of এর পরিবর্তে from হবে। কারণ, রোগে ভোগা অর্থে - suffer from ব্যবহৃত হয়ে থাকে।

161. **Which is the correct sentence of the following?** [RU (অর্থনীতি) 08-09]
a) Hot and cold are opposite.
b) Hot and cold are opposites.
c) Hot and cold is opposite.
d) Hot and cold is opposites. Ans:b

Subject এ যদি and দ্বারা দুইটি আলাদা noun যুক্ত হয় তবে verb টি plural হয় এবং plural subject এর complement টি noun হলে সেটিও plural হয়। Sumon and Motin are cousins. We are friends.
Source:Oxford Advanced Learner's Dictionary (8th edition) এর opposite (n) এ উদাহরণটি হুবুহু আছে।

162. **Which of the following sentences is the correct one?** [RU 07-08]
a) I feel some better.
b) I feel somewhat better.
c) I feel to some extent better.
d) I feel some sort of better. Ans:b

somewhat কিছুটা অর্থে (adv) ব্যবহৃত হয় ব্যবহৃত হয়। বাক্যের অর্থ: আমি কিছুটা ভালো বোধ করছি।

163. **কোনটি শুদ্ধ বাক্য** [প্রাথমিক প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ)-০৭]
a) I feel somewhat well.
b) They are united together.
c) He is sick of fever
d) She did not confess her guilt. Ans:

a) comparatively fairly well হবে b) together বাদ c) sick of এর স্থলে ill of হবে। d) confess to হবে

164. **Find out the correct sentence.** [সহকারী বিদ্যালয় পরিদর্শক-০৩, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (পাঁচা)-১৪]
a) He succeed to get a job.
b) He is suffering from fever for a week.
c) Guard the children against bad company
d) The train is running in time. Ans:c

165. **Choose the correct one:** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এস্টিমেটর)-১৮]
a) He is caught of flattery
b) He is ill of flattery
c) He is sick of flattery (সে তোষামোদে বিরক্ত)
d) He is angry of flattery sick of- বিরক্ত Ans:c

166. ———— **there?** [সেখানে কি কোনো কিছু ঘটেছিল?] [RU 08-09, IU (C) 16-17]
a) Was anything occured
b) Did anything occur
c) Did anything occurred
d) Was anything occur Ans:b

167. **Choose the correct sentence.** [illegible]

a) Rahim ate almost the whole fish. b) Rahim almost ate the whole fish.
c) Almost Rahim ate the whole fish. d) Rahim ate the whole fish almost. Ans:a

almost (nearly, about, approximately প্রায়) হচ্ছে adverb এবং এটি aticle + (adjective) + noun এর আগে বসে। Safik ate almost the whole jackfruit. (শফিক প্রায় পুরো কাঁঠালটিই খেয়ে ফেলেছে) [JU D 13-14]

168. **Which of the following sentences is correct?** [JU 09-10]

a) Time and tide waits for none. b) Slow and steady win the race.
c) Either he or his brother is guilty. d) I, you and Habib are present. Ans:c

a) waits এর স্থলে wait হবে। b) win এর স্থলে wins হবে। d) I, you and Habib এর স্থলে You, Habib and I হবে। কারণ, অপরাধ স্বীকার করার ক্ষেত্রে 123 এবং অন্যান্য সকল ক্ষেত্রে 231 নিয়ম ব্যবহৃত হয়ে থাকে।

169. **Choose the correct sentence.** [12th BCS, RU 08-09, SUST07-08, ব্যাংক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলাদা)-১৪]

a) The matter was informed to the police. b) The matter has been informed of the police.
c) The police was informed of the matter. d) The police were informed of the matter.

Ans:d; Active: We informed them **of** the result. **Passive:** They were informed **of** the news. The police এর পরে plural verb ব্যবহৃত হয়। The police **have** not arrested anyone yet.

170. **Choose the correct sentence:** [DU (D) 99-00, RU (ব্যবস্থাপনা) 08-09, IU (G)11-12]

a) You look you know a lot of people. b) You claimed you know a lot of people.
c) You thought you know a lot of people. d) You seem to know a lot of people. Ans:d

মনে হওয়া বা ধারণা হওয়া (বর্তমানে) অর্থে seem + infinitive (to verb এর base form) ব্যবহৃত হয়।
You seem to know a lot of people. মনে হয় তুমি প্রচুর লোককে চেন।

171. **Choose the correct sentence.** [দুর্নীতি দমন ব্যুরো-০৪, সহকারী থানা শিক্ষা অফিসার-০৬, তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২)-০৪, IU (চ) 04-05, (BBA) 11-12, BSMRUST (F) 12-13, JKKNIU (ক) 15-16]

a) Your mistake hold this view. b) You mistake in hold this view.
c) You are mistaken in holding this view. d) Your are mistaken to hold this view. Ans:c

কেউ কোনো কিছু করতে ভুল করেছে অর্থে subject + be verb + **mistaken** + in + gerund (v+ing) + ext.
You are mistaken in holding this idea. তুমি এ ধারণা পোষণ করে ভুল করেছ।

172. **Choose the correct sentence:** [গত সপ্তাহে আমি প্রায় একশ ডলার আয় করেছিলাম] [DU (D) 08-09]

a) I earned nearly a hundred dollars last week.
b) I earned a nearly hundred dollars last week.
c) I earned a hundred dollars nearly last week.
d) I earned a hundred dollars last week nearly. Ans:a

Structure: Subject + verb + almost/nearly/about + object {aticle + (adjective) + noun}+ext.

173. **The correct sentence is -.** (সে চশমা পরে) [NU (বিজ্ঞান) 09-10]

a) He wears glasses b) He wears a glass
c) He wears glass d) He wears a glasses Ans:a

চশমা অর্থে glasses অথবা a pair of glasses ব্যবহৃত হয়। যেমন: I wear glasses for driving.

174. **Identify the correct sentence.** [BRUR 09-10]

a) He is wearing a sunglass. b) He is wearing a pair of sunglasses.
c) He wears a sunglass. d) He wears the sunglass. Ans:b

যে সকল জিনিস জোড়া হিসেবে ব্যবহৃত হয় তাদের পূর্বে pair of বসে। যেমন: a pair of shoes/pants.

175. **Which of the following sentences is incorrect?** [JKKNIU (খ) 16-17, BRUR (B) 16-17]

a) Are you on this committee? b) What's the time by your watch?

c) He repented of his action. d) Each of the boys have a pen. Ans:d

Each of/ Either of/ Neither of/ Everyone of + plural noun + **singular verb** + extension

176. **Which one of the following is not grammatically correct?** [JnU (D) 11-12]

a) I shook him by the hand. b) I have a piece of business.

c) Whole Bangladesh mourned his death. d) He is a perfect administrator. Ans:c

c) দুইটি ভুল আছে। ১. The whole of হবে এবং ২. mourned for হবে। mourn for/over- শোক করা সকলে বা প্রত্যেকে অর্থে the whole of sth ব্যবহৃত হয়। The whole of Bangladesh = (Everyone in Bangladesh) mourned for his death. বাংলাদেশের প্রত্যেকে তার মৃত্যুতে শোক করল।

177. **Identify the correct sentence.** [অব্যবস্থাপনার জন্য আমিই দায়ী] [RU (BBA) 09-10, IU (A) 10-11]

a) It is I who is responsible for the mismanagement. subject এর সাথে 'ই' যুক্ত হলে

b) It is I who am responsible for the mismanage. বাক্যটি It is I who/that দ্বারা শুরু হয়

c) It is I who am responsible for the mismanagement.

d) It is I who has been responsible for the mismanagement. Ans:c

প্রথমত, who এর পরে am বসবে কারণ, Relative pronoun পরবর্তী verb টি তার পূর্ববর্তী Antecedent অনুসারে হয় দ্বিতীয়ত, the এর পরে mismanagement বসবে কারণ, article এর পরে noun বসে। বাক্যের

178. **Which one of the following is correct?** [JnU (C) 10-11]

a) I saw a saw to see a tree with an axe. b) I saw an axe man to saw a tree with an axe.

c) I saw a saw to saw a tree with an axe. d) I saw a saw seeing a tree with an axe. c

বাক্যের অর্থ: আমি একজন করাতিকে করাত দিয়ে একটি গাছ কাটতে দেখেছি

179. নিম্নের কোনটি বানানটি শুদ্ধ? [প্রাথমিক প্রধান শিক্ষক (ডাকেডিল)-১১]

a) Suffice to say, he is wrong b) Lake Chilka is in Orissa

c) See the word in the dictionary d) There is no place for doubt in it. Ans:b

a) Suffice it to say- আমি এইটুকুতে বলব যে/এটা বলা যথেষ্ট; c) Look up-এর খোঁজ d) room (স্থান, অবকাশ)

180. নিম্নের কোনটি বানানটি শুদ্ধ? [প্রাথমিক প্রধান শিক্ষক (চট্টগ্রাম)-১১]

a) He got the work done. b) A Daniel has come to the judgement.

c) He went to his elder. d) I have read a poetry. Ans:a

b) the বসে, judgement হবে c) elder brother/sister d) a poem/a piece of poetry

181. **Which of the following sentences is correct?** [16th BCS, প্রাথমিক সহকারী শিক্ষক (২০ জেলা, ১৪)-১৮]

a) That shirt which he bought is blue in colour. [KU (BBA) 15-16]

b) The shirt that which he bought is blue in colour. সে যে জামাটি কিনেছিল

c) Which shirt he bought is blue in colour. সেটি ছিল নীল রংয়ের

d) The shirt which he bought is blue in colour. Ans:d

Antecedent + Adjective clause পাশাপাশি বসে। এক্ষেত্রে Antecedent পূর্বে এর article বসে। that এবং which কখনোই Relative pronoun হিসেবে পাশাপাশি বসে না।

182. **Choose the <u>incorrect</u> sentence.** [IU (B) 07-08]

a) She was marry with a rich man. b) The doctor cured the patient

c) The patient died of cholera d) He will succeed in his life Ans:a

marry with এর স্থলে married to হবে। কারণ, কারও সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ অর্থে married to ব্যবহৃত হয়।

183. **Choose the correct one.** [আমি তাকে অনেক দিন থেকে চিনি] [RU (English) 09-10]

a) I shall know him for a long time. b) I have been knowing him for a long time.
c) I am knowing him for a long time. d) I have known him for a long time. Ans:d

কোনো কাজ অতীত কালে আরম্ভ হয়ে বর্তমান পর্যন্ত চলমান বুঝালে verb এর present perfect tense হয়। know এর continuous tense হয় না এবং for a long time (period of time) আছে বিধায় present perfect হবে।

184. **Identify the correct sentence.** [DU (D) 01-02, IU (খ) 3-04, RU 10-11]

a) She and her sister fights everyday. b) Both sisters fight each other everyday.
c) She fights with her sister everyday. d) Everyday she and her sister fights. Ans:c

185. **Which one is correct?** [যেখানে দাঁড়ায় সেখানেই ভয়ে কাঁপি] [DU (D) 11-12]

a) Fear makes where I stand tremble me. b) Fear makes me tremble where I stand.
c) Fear where I stand makes me tremble d) fear makes me stand where I tremble. Ans:b

186. **Which of the following sentence is correct?** [DU (D) 10-11]

a) The pile of bones on the plate shows how much chicken the family had ate.
b) The pile of bones on the plate shown how much chicken the family had ate.
c) The pile of bones on the plate showed how much chicken the family had eaten.
d) The pile of bones on the plate is shown how much chicken the family had ate. Ans:c

187. **Which of the following sentences is correct?** [DU (D) 14-15]

a) The two parties have different views to democracy.
b) The two parties has different views of democracy.
c) The two parties differing on democracy.
d) The two parties have different views of democracy. Ans:d

188. **Which of the following sentences is correct?** [DU (D) 14-15]

a) The country has adopted a new industrial policy.
b) The country has effected the new industrial policy.
c) The country has affected new industrial policy.
d) The country has adapted a new industrial policy. Ans:a

189. **Which of the following sentences is correct?** [একক-বাচকের সঙ্গেই নিত্য (বহুবচনের ক্ষেত্রে)-৯৯] [DU (D) 14-15]

a) Over a billion people using Microsoft Windows Operating systems.
b) Over a billion people uses Microsoft Windows Operating systems.
c) Over a billion people use Microsoft Windows Operating systems.
d) Over a billion peoples use Microsoft Windows Operating systems. Ans:c

190. **Choose the correct sentence.** [কঠোর পরিশ্রম না করলে তুমি ফেল করবে] [RU (F) 15-16]

a) Unless you do not work hard you will fail.
b) Unless you will not work hard you will fail
c) Unless you work hard you will fail d) Unless you will work hard you will fail Ans:c

Unless +present indefinite (হ্যাঁ-বোধক), future indefinite (present indefinite এর বিপরীতধর্মী বিবৃতি)

191. **Choose the correct sentence.** (প্রত্যেক ছেলে-মেয়েকে একটা করে পুরস্কার দেয়া হয়েছিল) [RU (E-আড়) 15-16]

a) Each boy and each girl was given a prize
b) Each boy and each girl have given a prize
c) Each boy and each girl were given a prize
d) Each boy and each girl are given a prize Ans:a

Each/every/no singular noun **and** each/every/no singular noun + singular verb

192. **'I cannot bear his separation.' Choose the correct sentence.** [IU (C) 16-17]

a) I cannot bear him separation b) I cannot bear separation from him
c) I cannot bear from his separation d) None of these Ans:b

193. **Choose the correct sentence.** (তুমি আসতে না চাইলে আসার দরকার নেই) [RU (E, জোড়) 15-16]

a) You don't need to come unless you want to. don't need + infinitive
b) You come only when you want to. needn't + base form
c) You come unless you don't want to.
d) You needn't come until you don't want to. Ans:a

194. নিচের কোন বাক্যটি শুদ্ধ ? [প্রাথমিক প্রধান শিক্ষক-০৯]

a) Walking in the garden a snake bite him. b) Grammar is the better servant than master.
c) It has been raining for three days. d) He gave the examination. Ans:c

a) he was bitten by a snake b) a better servant d) took ; take-পরীক্ষা দেয়া: give-পরীক্ষা নেয়া।

195. **Which one is the correct sentence?** [সরকারী মাধ্যমিক সহকারী শিক্ষক (ইংরেজি অংশ)-০১]

a) What is the time in your watch? b) What shoe size are you? (তোমার জুতার সাইজ কত?)
c) What time it is by your watch? d) What are the sizes of your shoes have? Ans:b

a) by your watch হবে। c) What time is it by your watch d) have বাদ।

196. নিচের কোনটি বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক প্রধান শিক্ষক (ক্যামেলিয়া)-১২]

a) She has got cent percent marks b) You are a great thief
c) Time and tide waits for none d) Has he got the information? Ans:d

a) cent percent marks এর স্থলে full marks, b) great এর স্থলে notorious (কুখ্যাত), c) wait হবে।

197. নিচের কোনটি শুদ্ধ বাক্য ? [প্রাথমিক প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম)-১২]

a) I am feeling unwell. b) The sceneries here are very beautiful.
c) Let you and I do. d) Let you and me do it. Ans:d

a) am feeling এর স্থলে feel, b) sceneries here are এর স্থলে scenery here is, c) I এর স্থলে me হবে।

198. **Choose the correct sentence.** [পিএসসি কর্তৃক ১২টি পদে নিয়োগ পরীক্ষা-১৫]

a) He discussed about the matter b) He knows to swim.
c) He says me a fool d) He shook hands with me Ans:d

a) discussed about এর পরিবর্তে শুধু discussed, b) knows how to, c) says এর পরিবর্তে calls হবে।

199. **Which is correct?** [আকবর বছর বছর জন্মে না] [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন)-১৩]

a) A Akbar is not born in every age b) The Akbar is not born in every age
c) An Akbar is not born in every age d) An Akbar is not born in an every age Ans:c

কারো মতো একজন বুঝাতে এর পূর্বে proper noun এর আগে a/an বসে। Akbar শুরু হয়েছে vowel দ্বারা তাই An

200. **Which is correct?** [তুমি বাংলাদেশের গর্ব] [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন)-১৩]

a) You are a pride of Bangladesh b) You are pride of Bangladesh
c) You are the pride of Bangladesh d) You are a pride of the Bangladesh Ans:c

কোনো Abstract noun দ্বারা সেই noun এর বৈশিষ্ট্য বিশিষ্ট কোনো ব্যক্তিকে বুঝালে এবং স্থান দ্বারা নির্দিষ্ট করলে সেই noun টির পূর্বে the এবং of পরে বসে।

201. **Choose the right sentence.** (সে তিন বছরের ছেলে) [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার-১৫]

a) He is a boy of three. b) He is a boy of three years old boy.
c) He is a boy of three years old. d) He is a boy of three years age. Ans:a

a boy of three (years), a three year old boy, a boy of three years of age এভাবে ব্যবহৃত হয়।

202. **Which of the following is a correct expression?** [CU D3 15-16]

a) I didn't master English before going to abroad but I should have done it in time.
b) I didn't master English before I have gone abroad but I should do it in time.
c) I didn't master English before going abroad but I should have done it in time.
d) I didn't master English before going abroad but I should have done it timely. Ans:c

go abroad মানে বিদেশে যাওয়া ; abroad/overseas যখন adverb হিসেবে ব্যবহৃত হয় তখন এরা আগে preposition বসে না। timely শব্দটি adjective তাই timely শব্দটি adverb হিসেবে ব্যবহৃত হয় না।

203. **Choose the correct sentence.** [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-০৩]

a) The traffics are unmanageable in Dhaka. b) The traffic is unmanageable in Dhaka.
c) The traffics are manageable in Dhaka. d) The traffic are uncontrollable in Dhaka.

Ans:b ; traffic হচ্ছে uncountable noun তাই এর plural হয় না এবং singular verb গ্রহণ করে।

204. **Which of the following sentences is correct?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী-১১]
পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা-০১

a) My principal objection is that I am tired.
b) My principle objection is that I am tired.
c) My principal objection is that I tired.
d) My principal objection that I am tired. Ans:a

এটি একটি complex sentence তাই দুটো subject এবং দুটো finite verb form লাগবে।
principal (adj.)- প্রধান, মুখ্য, মূল; principle (noun)- মূলতত্ত্ব, মূলনীতি, নীতি নিয়ম।

205. **Which of the following sentences is CORRECT?** [JU (IBA) 11-12]

a) Forty miles is a long way. b) One dozen of bananas are sufficient.
c) One of the boys are absent. d) I, Habib and you are guilty. Ans:a

206. **Pick up the INCORRECT sentence.** [JU (IBA) 11-12]

a) Each of the sisters are clever. b) Justice, as well as mercy, allows it.
c) The mob has dispersed. d) Neither he nor I was there. Ans:a

207. **Which of the following is correct?** [তথ্য মন্ত্রণালয়ের (গণযোগাযোগ প্রশিক্ষণ) সহকারী পরিচালক-০১]

a) I was stuck in traffic for two hours b) I was stuck up in traffic for two hours
c) I had stuck in traffic for two hours d) I had stuck in traffic for two hours Ans:a

208. **Choose the right sentence.** [তুমি আজ দেরিতে এসেছ] [সার্কেল অ্যাসিস্টেন্ট-০৫]

a) He came lately today. b) He came in late today.
c) He came by late today. d) He came late today. Ans:d

209. **The correct sentence is** [মেয়েটি হাসতে হাসতে ঘরে ঢুকল] [IFIC Bank (TAO)-18]

a) The girl laughed and entered the room. b) The girl entered the room laughing.
c) The girl laughed entering the room. d) The girl laughingly entred the room. Ans:b

210. **Choose the correct verb form.** [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-০৩]

a) The thickness of the books vary. b) The thickness of the book vary.
c) The thickness of the books varying. d) The thickness of the books varies. Ans:d

211. **Choose the correct sentence.** [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-০৩]

a) I see you in a fortnight's time. b) I saw you in a fortnight's time.
c) I have seen you in a fortnight's time. d) I shall see you in a fortnight's time. Ans:d

212. **Find out the correct sentence:** [জাতীয় প্রকৌশল অধিদপ্তরের এডিমিনিস্ট্রেটর (পুরা)-১৯]

a) Do you know where does he live? b) He has gone for a walk.
c) They will arrive by the by. d) He sold all his furnitures. Ans:b

PIN POINT ERROR

Pin point error is to find out or identify the incorrect underlined word/phrase in the sentence অর্থাৎ Pin point error হলো বাক্যের underlined করা অংশগুলো থেকে incorrect অংশটি বের করা বা সনাক্ত করা।

1. **The only error in the sentence "One of the recommendation made by the committee was accepted by the authorities" is-** [33rd BCS, অগ্রণী ব্যাংক-১০]

a) recommendation **b)** was **c)** accepted by **d)** committee Ans:a

recommendation এর স্থলে recommendations হবে। কারণ, One of এর পরে plural noun বসে।

2. **According to experts a good way <u>to</u> <u>improve</u> listening skills is <u>by</u> <u>watch</u> television,**
A B C D
specially news and documentaries. [32nd BCS, RU (E, জোড়) 14-15] Ans:C

by এর পরিবর্তে to বসবে। Parallelism অনুসারে is এর পরেও infinitive (to + base form) হবে।

3. **A doctor may be able <u>to diagnose</u> a problem <u>perfect</u>, but he may not be able to find**
A B
a drug <u>to which</u> the patient <u>will respond</u>. [32nd BCS, RU (E, জোড়) 14-15] Ans:B
C D

perfect এর স্থলে perfectly হবে। verb কে modify করতে transitive verb+ object এর পরে adverb বসে

4. **<u>Every</u> man and woman <u>should</u> vote <u>for</u> the candidate of <u>their</u> choice.**
A B C D
[32nd BCS, CU (E) 11-12, RU (E, জোড়) 13-14] Ans:D

their এর স্থলে his হবে। and দ্বারা যুক্ত একাধিক singular noun এর পূর্বে every থাকলে pronoun টি his/her হবে

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স অব ফাইনান্স কার্যালয়ের অডিটর ২০১৭

5. **I don't know where <u>could he</u> <u>have</u> <u>gone</u> so early in the morning. <u>No error</u>**
A B C D Ans:A

he could হবে। কারণ, **Embedded question:** sub + verb + ---- + Wh word + sub + verb

6. **She is <u>looking</u> <u>forward</u> <u>to go</u> to Europe next month. <u>No error</u>** [CU $B_{2.8}$ 15-16]
A B C D Ans:C

go এর স্থলে going হবে। কারণ, look forward to এর পরে verb +ing বসে।

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স (CGDF) এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯

7. **It was <u>uncoming</u> of the players to be <u>disrespect</u> <u>towards</u> the <u>other teams's</u> national**
A B C D
anthem. <u>No error</u> Ans:B
E

disrespect এর স্থলে disrespectful হবে। কারণ, to be এর পরে adjective অথবা noun phrase বসে।

8. **<u>Neither of the worker</u> was ready <u>to work overtime</u> <u>causing</u> the deadline**
A B C
<u>to be missed</u>. <u>No error</u> Ans:A
D E

worker এর স্থলে workers হবে। কারণ, Neither of + **plural noun** + singular verb

9. **<u>No sooner</u> had he <u>reached</u> the station <u>than</u> the train <u>had left</u>. <u>No error</u>**
A B C D E Ans:D

had left এর স্থলে left হবে। কারণ, No sooner + subject + past participle --- than + past indefinite

10. Parking the car at the parking lot, Ms Jones decided to take the bus to town.
A B C D
No error
E
[বাক্যটিতে ভুল নেই] Ans:E

11. Kaim together with many of his friends and relatives were present in the meeting.
A B C D Ans:C

were এর স্থলে was হবে। কারণ, along with, together with, as well as, accompanied with by, with, in addition to, and not, including, excluding, but, except দ্বারা যুক্ত একাধিক noun/pronoun এর ক্ষেত্রে পূর্বের noun/pronoun অনুযায়ী verb হবে। Kaim হচ্ছে singular তাই was (singular verb) হবে।

[redacted]

12. Women are the pillars of society, particular of the societies with which we are
A B C D
concerned here. No Error
E
Ans:B

particular এর স্থলে particularly হবে। কারণ, of the societies একে modify করতে adverb দরকার।

13. People, who keep their eye at the ball, can maintain good concentration at work.
A B C D
No Error
E

at the ball এর স্থলে on the ball হবে। কারণ, keep one's eye on the ball- কাজে মনোযোগ দেয়া। Ans:C

14. The athlete's movements was restrained fluid and seemingly effortless to the
A B C D
viewer. No Error
E
Ans:B

was এর স্থলে were হবে। কারণ, movements হচ্ছে plural তাই plural verb লাগবে।

15. In the agrarian industry, the farmers nurture this land because it is the source of
A B C D
their incomes. No Error
E
[In the এর স্থলে শুধু In হবে] Ans:A

16. Females are viewed as inferior to males in nations ruled by patriarchy. No Error
A B C D E Ans:E

[redacted]

17. There is no mother but loves her child. No Error
A B C D E
Ans:E

18. I need to buy some equipment. No Error
A B C D E
Ans:E

উপরোক্ত বাক্য দুটি সঠিক তাই সঠিক উত্তর No Error।

19. I would rather die than bribe. No Error
A B C D E
Ans:

bribe মানে ঘুষ দেয়া আর take bribes মানে ঘুষ নেয়া। (প্রশ্নকর্তাই জানেন কি উত্তর চেয়েছেন।)

20. The picture has hung on the wall. No Error
A B C D E
Ans:

has এর স্থলে was হবে। কারণ, picture হচ্ছে action receiver তাই বাক্যটি passive হবে।

21. **I prefer tea than coffee in the morning. No Error**
A B C D E Ans:B

than এর স্থলে to হবে। কারণ, prefer (sth) to (sth): I prefer reading to writing.

22. **A large number of automobile part are now made of plastic instead of steel.**
A B C D Ans:B
[RU (D) 17-18, সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) {মুক্তিযোদ্ধা}-১৯]

part এর স্থলে parts হবে। কারণ, a number of (= many/some) এর পরে plural noun এবং plural verb বসে। A number of (= some) problems have arisen. A number of students are absent today.

23. **The pineapple, a fruit grow in tropical climates throughout the world, is native to**
A B C D
parts of South America. [RU (D) 17-18, সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) {মুক্তিযোদ্ধা}-১৯] Ans:B

grow এর স্থলে grows হবে। কারণ, singular subject এর পরে singular verb বসে।

24. **Canals are artificial waterways, often constructed either to transport heavy loads**
A B
or to delivering water to cities and farms. [সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) {মুক্তিযোদ্ধা}-১৯] Ans:C
C D

delivering এর স্থলে deliver হবে। কারণ, either – or এর ক্ষেত্রে or এর পূর্বে ও পরে verb এর একই form বসে

25. **Although a Kangaroo normally uses its large feet and strong legs for hopping, but**
A B C D
it can also swim. [সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) {মুক্তিযোদ্ধা}-১৯] Ans:D

but কে বাদ দিতে হবে। কারণ, Although দ্বারা sub-ordinate clause গঠিত হলে main clause এ but বসে না।

[redacted]

26. **I was so angry that I took the watch broken to the jewelers to get my money back.**
A B C D E Ans:C

broken watch হবে। কারণ, determiner + adjective + noun।

27. **How long does it take to get the station on foot from your house? No error**
A B C D E Ans:B

to the station হবে। কারণ, get দ্বারা কোনো স্থানে পৌঁছানো বুঝালে স্থানটির আগে to বসে। We got to Dhaka at 7 o'clock. তবে home এর আগে to বসে না। What time did you get home last night? (get to নয়)

28. **Financial problems beset many of the early museums in the US, causing its closure.**
A B C D
No error
E Ans:D

its এর স্থলে their হবে। কারণ, museums (plural) এর closure নির্দেশ করা হয়েছে তাই their হবে।

29. **Manufacturers of consumer goods often change the styles of them products. No error**
A B C D E

them এর স্থলে their হবে। কারণ, products noun টি adjective বসবে তাই their হবে। Ans:D

30. **I used to be keen of all scientific subjects but now I would prefer to study art.**
A B C D E

keen of এর স্থলে keen on হবে। কারণ, keen on (sth/doing sth) = আগ্রহী, উৎসুক, অনুরক্ত। Ans:B

In each sentence, identify the part that contains error. If there is no error, select (d)

31. **Yesterday my computer <u>was functioning</u> <u>rather</u> <u>strangely</u>. <u>No error</u>**
a b c d Ans:d

বাক্যটি সঠিক কেননা বাক্যে yesterday থাকায় past continous tense এর ব্যবহার ঠিক আছে।

32. **Her novel is an American classic <u>about</u> a young girl <u>who</u> <u>she called</u> Billie Joe. <u>No error</u>**
a b c d

Ans:b ; who এর স্থলে whom হবে। কারণ, দুই clause বিশিষ্ট বাক্যে noun/pronoun + who + verb কিন্তু noun + whom + noun/pronoun

33. **<u>Haven't</u> <u>none</u> of you <u>seen my</u> dog? <u>No error</u>**
a b c d Ans:b

none এর স্থলে any হবে। কারণ, একটি clause এ কখনো double negative ব্যবহৃত হয় না।

34. **I prefer <u>to</u> <u>have</u> my lunch first rather than <u>doing</u> anything else. <u>No error</u>**
a b c d Ans:c

doing এর স্থলে (to) do হবে। কারণ, prefer + to + base form **rather than** (to) base form

35. **The patient died <u>after</u> the doctor <u>had</u> <u>arrived</u>. <u>No error</u>**
a b c d Ans:d

বাক্যটি সঠিক। কারণ, past indefinite tense + after + past perfect tense

36. **Each <u>furniture</u> on display in the central mall <u>is</u> on sale for thirty <u>percent</u> off the**
A B C

<u>regular price</u>. [ব্যাংক এশিয়া লি. (TO)-১৬, মধুমতি ব্যাংক লি. (PO)-১৮]
D Ans:A

Each furniture এর স্থলে Each piece of furniture হবে। কারণ, furniture হচ্ছে uncount noun তাই furniture এর পূর্বে piece of ব্যবহার করে countable করা হয়।

Identify the incorrect part of the following sentences. [জনতা ব্যাংক লি. (SO, IT)-১৬]

37. **It <u>is</u> often <u>difficulty</u> for <u>an</u> individual to <u>adjust</u> to new environment.**
A B C D Ans:A

difficulty এর স্থলে difficult হবে। কারণ, It is + adverb (often/very) + adjective।

38. **It must <u>have</u> <u>been</u> <u>her</u> at <u>the</u> door.**
A B C D Ans:C

her এর স্থলে she হবে। কারণ, be verb এর পরে subjective form (I, he, she, they) বসে।

39. **No <u>sooner</u> <u>had</u> he arrived <u>than</u> rain started. <u>None of these</u>**
A B C D (বাক্যটি সঠিক) Ans:D

40. **Not <u>only</u> he <u>cheated</u> in the exam <u>but also</u> he argued <u>at</u> the teacher.**
A B C D Ans:D

at এর স্থলে with হবে। কারণ, argue with (sb/a person) – কারো সাথে তর্ক করা।

41. **Cholera <u>is</u> a very <u>common disease</u>, which <u>usually</u> <u>effects</u> children.**
A B C D Ans:D

effects এর স্থলে affects হবে। কারণ, বাক্যে relative clause এ finite verb দরকার।
effect (ফলাফল, পরিণতি, প্রভাব) হচ্ছে noun আর affect (প্রভাবিত করা, প্রভাব ফেলা ক্ষতিগ্রস্ত করা) হচ্ছে verb

42. The scholastic professor told the students to don't discuss the take-home
A B C
examinations with each other. [CL D 16-17] Ans:B
D

to don't এর স্থলে don't to হবে কারণ infinitive এর আগে not বসে, do does did not বসে subject এর পরে

43. After studying all the necessary materials, the students were capable of rising their
A B C
test scores by twenty-five points. [CL D 16-17]
D Ans:C

rising এর স্থলে raising হবে কারণ, raise (উঠানো, তোলা, বাড়ানো) - object (noun/phrase/pronoun);

44. Excepting for the post-graduate students, everyone will have to sit for the tests
A B C
on the same day. [CL D 16-17]
D Ans:A

Except for হবে কারণ, বাক্যে অর্থ preposition ছাড়াই Except for ব্যবহৃত হয়

45. Flight is a very difficulty activity for most living things. [JnU (C) 17-18]
A B C D Ans:B

difficulty এর স্থলে difficult হবে কারণ, article + adverb + adjective + noun নিয়মানুসারে noun 'activity' কে qualify/modify করতে adjective দরকার। তাই difficult হবে।

46. As soon as they were seated, the man began to whisper among themselves.
A B C D
(লোকগুলো বসা মাত্রই তারা নিজেদের মধ্যে ফিসফিস করতে লাগল) [JnU (C) 17-18] Ans:C

man এর স্থলে men হবে। কারণ, বাক্যে they এবং themselves হচ্ছে plural pronoun তাই এদের antecedent (pronoun যাকে নির্দেশ করে) noun টি plural হবে।

47. The area where a microchip is manufactured must be the most cleanest
A B C D
environment possible. [JnU (C) 17-18] Ans:C

cleanest হচ্ছে clean এর superlative form তাই cleanest এর পূর্বে most এর ব্যবহার অপ্রয়োজনীয়। কারণ, বাক্যে সাধারণত একসাথে double superlative বা comparative double এর ব্যবহার নিয়মসিদ্ধ নয়।

48. There is hardly any reason for you to feel badly and blame yourself for this mishap.
A B C D
[RU (J) 17-18] Ans:B

$badly_{adv}$ এর স্থলে bad_{adj} হবে। কারণ, linking verb এর পরে adjective বসে। linking verb গুলো হচ্ছে to be, become, look, feel, smell, taste, seem, remain, appear, run, go, grow, read, turn ইত্যাদি

49. As soon as the sun had risen over the mountains, it became unbearable hot in the
A B C D
plain land. [RU (J) 17-18] Ans:C

$unbearably_{adv}$ হবে। কারণ, become হচ্ছে linking verb আর linking verb এর পরে একটি adjective বসে কিন্তু linking verb এর পরে একাধিক adjective থাকলে প্রথমটিকে adverb করতে হবে।

50. He has received my letter the day before yesterday. [RU (J) 17-18]
A B C D Ans:A

বাক্যে has অপ্রয়োজনীয়। কারণ, yesterday স্পষ্ট অতীতকাল নির্দেশক তাই বাক্যটি past indefinite tense এ হবে।

51. **Despite** Karim's threats of **punishments**, none of his sons **were** willing **to help** him
A B C D

to mow the lawn.

[RU (D, ব্যবসা) 17-18] Ans:B

punishments এর স্থলে punishment হবে এই বাক্যে punishment এর বহুবচন uncountable noun হিসেবে

52. **The younger you are, the more easier it is to learn.** [RU (D, ব্যবসা) 17-18]
A B C D Ans:B

easier হচ্ছে easy এর comparative form তাই easier এর পূর্বে more এর ব্যবহার অপ্রয়োজনীয় কারণ, ইংরেজি ব্যাকরণের নিয়মানুসারে, একসাথে double comparative কিংবা double superlative বসে না।

53. **I was disappointed that did so bad in the examination.** [RU (D-ব্যবসা) 17-18]
A B C D Ans:D

bad$_{wo}$ এর স্থলে badly$_{wo}$ হবে কারণ, action verb এর পর adverb/adverbs বসে।

54. **I never thought she is such a selfish person.** [RU (D-ব্যবসা) 17-18]
A B C D Ans:B

is এর স্থলে was হবে কারণ, main clause টি past tense হলে sub-ordinate clause টিও past tense হবে।

55. **The share market is comparatively stronger today than it was**
A B C D

a couple of days back.
E

[CU (C) 17-18] Ans:B

বাক্যে comparatively অপ্রয়োজনীয়। কারণ, comparative degree + than এর পূর্বে comparatively ব্যবহৃত হয় না। হবে comparatively এর পরে positive degree বসে। comparatively well/cheap

56. **I am your well-wisher whether you agree with me or not, don't I.** [CU (C) 17-18]
A B C D E

don't I এর স্থলে aren't I হবে। কারণ, I am এর ক্ষেত্রে tag question টি aren't I হয়। Ans:E

57. **The professor went fishing after he has finished reading an absorbing novel.**
A B C D E

[CU (C) 17-18] Ans:B

he has এর স্থলে he had হবে। কারণ, past indefinite tense + after + past perfect tense

58. **My mother asked me where had I gone and what I had been doing so long**
A B C D

a period of time.
E

[CU (C) 17-18] Ans:A

where I had gone হবে। কারণ, subject + verb + --- + **wh word** + subject +verb

